



পোলবার সুগন্ধার প্রৌঢ়া খুনের ঘটনায় দোষীদের শাস্তির দাবিতে পোলবা থানায় বিক্ষোভ দেখালেন ছগলির সাংসদ লকেট চট্টোপাধ্যায়। ...বিস্তারিত পাতা ৩



অবৈধভাবে ভারত থেকে নেপালে ঢুকতে গিয়ে গ্রেপ্তার বিদেশী ফুটবলার। তাকে সাহায্য করায় বিহারের এক যুবককেও গ্রেপ্তার করা হয়েছে। ...বিস্তারিত পাতা ৫



মৌদি সরকার এবার আনছে, ‘পিএম সূর্যধর’ যোজনা। এই যোজনার আওতায় দেশে সৌরবিদ্যুৎ সরবরাহে জোর দেওয়া হচ্ছে। ...বিস্তারিত পাতা ৬



এ বার গোয়াকে যন্ত্র সহকারে একাই তহনছ করলেন হাওড়ার ছেলে আকাশ পান্ডে। ৭১ রানে ৯ উইকেট নিয়ে তিনি দলকে জেতালেন। ...বিস্তারিত পাতা ৮

‘খেলা ঘুরে যাবে’, সন্দেশখালিতে পৌঁছেই বললেন মন্ত্রী পার্থ

দুরন্ত বার্তা, সন্দেশখালি, ১৩ ফেব্রুয়ারিঃ প্রায় ৬ দিন পর হয়ে গেলেও উত্তাপ কমেনি সন্দেশখালিতে। মহিলারা লাঠি নিয়ে রাস্তায় নামার পর যে পরিস্থিতির সূত্রপাত, সেই আঁচ এখনও স্পষ্ট সন্দেশখালির মাটিতে। আঁচ ছড়াচ্ছে সন্দেশখালির বাহিরেও। মঙ্গলবারও এই ইস্যুতে পথে নেমেছেন বিরোধীরা। সেই আবহে এবার রাজ্যের মন্ত্রী হাজির সন্দেশখালিতে। হাইকোর্টের নির্দেশে ১৪৪ ধারা উঠে যাওয়ার পরই মঙ্গলবার সন্ধ্যায় লঞ্চে চলে গেল ওই এলাকায় পৌঁছে গেলেন মন্ত্রী। সঙ্গে ছিলেন বিধায়ক নারায়ণ গোস্বামী। সেখানেই পৌঁছেই পার্থ ভৌমিক বললেন, ‘খেলা ঘুরে যাবে।’ শুধু তাই নয়, এদিন দলীয় কর্মীদের উদ্দেশ্যে পার্থ বলেন, ‘খেলা কি হবে?’ কর্মীরা সমবেত স্বরে ইতিবাচক উত্তর দিতেই মন্ত্রী তাদের বলেন, ‘ওটাই শুধু মাথায়



রাখবে, আর কিছু রাখতে হবে না।” সন্দেশখালিতে যে বিক্ষোভের আগুন জ্বলছে, তা মূলত তৃণমূল নেতা শেখ শাহজাহান ও তার সহযোগী শিবু হাজার ও উত্তর সর্দারের বিরুদ্ধে। প্রশ্ন উঠছে পুলিশ-প্রশাসনের বিরুদ্ধে। শাসকদলকে কাঁচগড়ায় তুলছে বিজেপি-সিপিএম। উত্তম পুলিশের জালে এলেও অধরা শিবু। এই আবহে প্রথমবার সন্দেশখালির মাটিতে পা রাখল তৃণমূলের প্রতিনিধি দল। পৌঁছেই এদিন এলাকার তৃণমূল নেতাদের সঙ্গে কথা বলেন পার্থ ভৌমিক। তিনি জানান, মানুষের কেন এত ক্ষোভ, তা জানতেই কথা বলবেন তিনি। বৈঠকের পর কর্মীদের উদ্দেশ্যে বার্তা দেন মন্ত্রী। তিনি দাবি করেন, বিজেপি আসলে তৃণমূলের ভাবমূর্তি নষ্ট করার চেষ্টা চলছে। পরিস্থিতি কী বুঝলেন, এই প্রশ্ন করায় পার্থ বলেন, ‘খেলা ঘুরে যাবে।’ পার্থ ভৌমিক বলেন, “যারা ভাবছে যে চিড়িতে একদিন মুখ দেখিয়ে সন্দেশখালি দখল করে নেবে, তারা একবার দেখে যান। মাটির সঙ্গে যোগাযোগ না থাকলে এলাকার থাকা যায় না। যারা জানে না, তারা মূর্খের দল।” সন্দেশখালির মাটিতে ঘাসফুলের শিকড় যে এখনও পোক্ত আছে, কার্যত সেই বার্তাই দিয়ে গিয়েছেন পার্থ ভৌমিক।

‘মনে হয় যেন আমারই বাড়ি’ বৃষ্টি মাথায় আবু খাবিতে নেমে উচ্ছ্বসিত মোদি

আবু খাবি, ১৩ ফেব্রুয়ারিঃ দুদিনের সফরে সংযুক্ত আরব আমিরশাহি পৌঁছে গেলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এই নিয়ে প্রধানমন্ত্রী হিসেবে তাঁর সপ্তম সফরে এই দেশে পা রাখলেন তিনি। আর গত আর্মাসের মধ্যে এই নিয়ে তৃতীয়বার এলেন এই দেশে। মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) তিনি আবু খাবি পৌঁছতেই তাঁকে প্রধানমন্ত্রী বলেছেন, “আমরা আজ যে দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর করলাম, তা সমস্ত জি২০ দেশের জন্য বড় খবর। এটা দুই দেশের অর্থনীতিকেই শক্তিশালী করবে।” এই বৈঠকের পর ‘আহলান মোদি’ নামে এক সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগ দেন প্রধানমন্ত্রী মোদি এবং প্রেসিডেন্ট শেখ মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ান। আরবি ভাষায় ‘আহলান মোদি’ কথার অর্থ হ্যালো মোদি। আবুখাবির জায়েদ স্পোর্টস সিটি স্টেডিয়ামে প্রবাসী ভারতীয়দের এই অনুষ্ঠান। প্রাথমিকভাবে ৬০ হাজার লোক এই অনুষ্ঠানে যোগ দিতে চেয়েছিলেন। কিন্তু, আরব আমিরশাহি জুড়ে গত রাত থেকে ভারী বৃষ্টি শুরু হয়েছে। সঙ্গে রয়েছে তীব্র বজ্রপাত। যার জেরে বহু জায়গায় জল জমে গিয়েছে, দেখা দিয়েছে ব্যাপক যানজট। এই কারণে এই অনুষ্ঠানে কিছু

কটিছাট করতে বাধ্য হয়েছেন আয়োজকরা। পরিবর্তিত পরিস্থিতিতে ৩৫ থেকে ৪০ হাজার প্রবাসী ভারতীয় এই অনুষ্ঠানে অংশ নেন। তাদের শেখ জায়েদ স্টেডিয়ামে আনান জন্য ৫০০টি বিশেষ বাস চালানোর ব্যবস্থা করা হয়। ছিল ১০০০ স্কেজসেবক। ২০১৯-এ আমেরিকায় হিউস্টন যে ‘আউটি, মোদি’ অনুষ্ঠান হয়েছিল, সেই রকমই হতে চলছে ‘আহলান মোদি’ অনুষ্ঠান।



রণক্ষেত্র বসিরহাট, পরের পর ব্যারিকেড ভাঙল বিজেপি, বাধা দিল পুলিশ

দুরন্ত বার্তা, বসিরহাট, ১৩ ফেব্রুয়ারিঃ বিজেপির এসপি অফিস ঘেরাও কর্মসূচি থিরে উঠাল হয়ে উঠল বসিরহাট। রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের নেতৃত্বে বিজেপি কর্মীরা পরের পর ব্যারিকেড ভেঙে এসপি অফিসের দিকে যাওয়ার চেষ্টা করেন। বাধা দেন পুলিশ। রণক্ষেত্রের চেহারা

পুলিশের বাধায় এগোতে না পেরে শেষ পর্যন্ত রাস্তায় বসে পড়েন সুকান্ত মজুমদার। রাস্তায় বসে স্লোগান দিতে থাকেন বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার। শুধু হাজারার প্রেকৃতর এবং সন্দেশখালির প্রাক্তন বিধায়ক নিরাপত্ত সর্দার ও বিজেপির বসিরহাট সাংগঠনিক জেলার



নেয় গোটা এলাকা। বিজেপি কর্মীদের রুখতে লাঠি উচিয়ে ঘেয়ে যায় পুলিশ। বিজেপির অভিযোগ লাঠির ঘায়ে বেশ কয়েকজন কর্মী জখম হন বলে বিজেপির দাবি। সুকান্ত মজুমদার অভিযোগ করেন, শুধু পুলিশ নয়, তাদের রুখতে পথে মনো তৃণমূলও। উঁচু বাড়ির ছাদ থেকে তারা বিজেপি কর্মীদের লক্ষ্য করে ইট ছোড়ে। তাদের বেশ কয়েকজন কর্মী রক্তাক্ত হন।

আহবায়ক বিকাশ সিংহের নিঃশর্তে মুক্তির দাবিতে মঙ্গলবার পৃথকভাবে এসপি অফিস ঘেরাও কর্মসূচি নেয় সিপিএম ও বিজেপি। পরিস্থিতি বিচার করে গোটা এলাকা ১৪৪ ধারা জারি করা হয়। বসিরহাটের সংগ্রামপূর্ণ এসপি অফিসের থেকে ৫০০ মিটার দূরে উভয় দিকেই ব্যারিকেড দিয়ে রাখা হয়। ইছামতি নদীর ওপর যে ব্রিজ রয়েছে সেই ব্রিজ টপকে কোনওভাবেই

ব্যারিকেড ভেঙে যাতে ভিতরে কেউ না ঢুকতে পারে সেই ব্যবস্থা করে প্রশাসন। পুলিশের বাধা এড়াতে কৌশল নেয় বিজেপি। সড়কপথে না গিয়ে মঙ্গলবার লোকাল ট্রেনে করে সন্দেশখালির রওনা হন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। দুপুর ১টা নাগাদ নিরাপত্তারক্ষী-সহ শিয়ালদহ হাসানাবাদ শাখার হ্রদস্পর্শ স্টেশন থেকে বসিরহাট লোকালে ওঠেন সুকান্ত মজুমদার। হ্রদস্পর্শ স্টেশন নেমে সেখান থেকে মেটরবাইকে রওনা হন। বসিরহাটে পৌঁছে পরের পর ব্যারিকেড ভেঙে এগোতে থাকেন বিজেপির কর্মীরা। তবে এসপি অফিসের বেশ কিছুটা দূরেই রুখে দেওয়া হয় তাদের। বিজেপির অভিযোগ, ‘শুধু পুলিশের লাঠি নয়, বিজেপি কর্মীদের লক্ষ্য করে রাস্তার পাশের বাড়ির ছাদ থেকে থানই ইট ছোড়া হয়েছে। পুলিশের লাঠি ও রাস্তার পাশ থেকে ছোড়া ইট মাথা ফাটে বেশ কয়েকজন বিজেপি কর্মী। রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার বলেন, “আমাদের বেশ কয়েকজন কর্মী আহত হয়েছেন। অনেককে গ্রেফতার করা হয়েছে। তাদের মুক্তির দাবিতে আমি এসপি অফিসের সামনে অবস্থান বসব।” এই বলে অবস্থান বিক্ষোভ শুরু করেন তিনি।

খড়্গাপুরে ভেঙে পড়ল বায়ুসেনার যুদ্ধবিমান প্যারাস্যুটে নেমে প্রাণে বাঁচলেন পাইলট

দুরন্ত বার্তা, খড়্গাপু, ১৩ ফেব্রুয়ারিঃ একদিন আগেই বোমা লক্ষ্যভ্রষ্ট হয়ে কলইকুন্ডা থেকে এসে পড়েছিল ব্যাট্রামের ধান জমিতে। আর ঠিক তার পরদিন মঙ্গলবার, এয়ার ফোর্সের প্রশিক্ষণ চলাকালীন খড়্গাপুরের শুকনিবাসা, দিয়াসা এলাকায় ভেঙে পড়ল একটি আন্ত যুদ্ধবিমান। প্যারাসুটে নীচে নেমে এসে কোনওরকমে প্রাণ বাঁচলেন এয়ারফোর্সের দু’জন পাইলট। কলইকুন্ডা এয়ারবেসে বায়ুসেনার প্রশিক্ষণ চলাকালীন মুরকুনীয়া গ্রামে ভেঙে পড়ল এই যুদ্ধবিমান। প্যারাসুটের মাধ্যমে নেমে প্রাণে দুই পাইলট বাঁচলেও তাদের আত্মক এখনও কার্টেনি। এই ঘটনায় নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠে গেল। এদিকে দুপুর ৩টা ৩৫ মিনিট তখনই দিয়াসা এলাকায় একটি ধান জমিতে যুদ্ধবিমান ভেঙে পড়ে। বিকট আগোজের ক্রেশে ওঠে গোটা এলাকা। আর এলাকার মানুষ আতঙ্কে বাড়ির ভিতরে প্রবেশ করে। কী হয়েছে বুঝতে না পেরে আতঙ্কে ছোট্টাছুটি শুরু করেন তাঁরা। পরে জানতে পারেন ধান জমিতে ভেঙে পড়ছে বায়ুসেনার যুদ্ধবিমান। রীতিমতো

আতঙ্কের পরিবেশ সৃষ্টি হয়েছে। বারবার কেন এমন ঘটছে? উঠছে প্রশ্ন। তারপরই কলইকুন্ডা এয়ারবেস থেকে বায়ুসেনার অফিসাররা হেলিকপ্টারে করে অকুস্থলে পৌঁছেন। অনাটিকে স্থানীয় বাসিন্দারা যখন আতঙ্কে বাড়ির ভিতরে ঢুক পড়ছেন তখন একজন বাসিন্দা শীতল সিং



বলেন, “দুপুরে বিকট শব্দ শুনতে পেয়ে বাহিরে বেরিয়ে আসি। দেখতে পাই যুদ্ধবিমান ভেঙে পড়েছে। প্যারাসুট করে দু’জন পাইলট নেমে আসছেন। তাদের কোনও ক্ষতি হয়েছে কি না জানি না।” কলইকুন্ডা এয়ারবেসে নিয়মামাফিক প্রশিক্ষণ চলার সময়ই এলাকার ভেঙে পড়ে যুদ্ধবিমান। কী কারণে দুর্ঘটনা সেটা খতিয়ে দেখছেন এয়ারফোর্সের অফিসাররা। তবে দুই পাইলট প্রাণে বেঁচে যাওয়ায় কিছুটা

হলেও স্বস্তির নিঃশ্বাস নিচ্ছেন। সবদিক খতিয়ে দেখছেন তারা। এছাড়া সোমবার ব্যাট্রামের কেশিয়াপাটা এলাকার পৌঁচাদিা এবং চেমিচিডা গ্রামের রাস্তার পাশে শব্দে খবর, সোমবার মহড়া চলছিল। ফায়ারিং রেঞ্জ অনেকটা বড়। যেখানে বোমাটি পড়েছে সেটি ফায়ারিং রেঞ্জের মধ্যেই। তাই হতাহত হাননি কেউ। এবার মঙ্গলবার এই ঘটনার পর দিনই খড়্গাপুরের ধান খেতে ভেঙে পড়ল আন্ত বায়ুসেনার যুদ্ধবিমান। সরস্বতী পুজোর আসের দিনে এই ঘটনা সবার মনে আতঙ্ক তৈরি করল।

কৃষক আন্দোলনে তীব্র উত্তেজনা হরিয়ানা-পঞ্জাব সীমান্তে, কাঁদানে গ্যাসের গোলা ছুড়ল পুলিশ

নয়াদিল্লি, ১৩ ফেব্রুয়ারিঃ ফের কৃষক আন্দোলন এবং শুরুতেই পঞ্জাব সীমান্তের শম্ভুতে পুলিশের সঙ্গে তীব্র সংঘর্ষে জড়ালেন বিক্ষোভকারী কৃষকরা। সোমবার গভীর রাত পর্যন্ত কৃষক নেতা এবং কেন্দ্রীয় মন্ত্রীদের মধ্যে এক গুরুত্বপূর্ণ বৈঠক চলে। কিন্তু, তাতে কোনও সমাধান সূত্র না পাওয়ায়, ২০০-রও বেশি কৃষক সংগঠন ‘দিল্লি চলে’র ডাক দেয়। অর্থাৎ, পঞ্জাব-হরিয়ানা থেকে পন্যাত্রা করে রাজধানী দিল্লিতে পৌঁছনোর ডাক দেয়। কৃষকদের দিল্লি যাওয়া আটকাতে পঞ্জাব-দিল্লি-হরিয়ানা সীমান্তে সিমেন্টের স্ল্যাব, কাঁটাতার ইত্যাদি দিয়ে ব্যারিকেড তৈরি করেছিল। মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) সকালে, প্রতিবাদী কৃষকদের দেখা যায়, ব্যারিকেড ভেঙে এগিয়ে যেতে এবং সিমেন্টের স্ল্যাবগুলি অপসারণের চেষ্টা করতে। পুলিশকে লক্ষ্য করে তাদের ইট-পাথরও ছুড়তে দেখা যায়। এরপরই কৃষকদের ছতরভক্ত করতে কাঁদানে গ্যাসের গোলা ছোড়ে পুলিশ। এমনকি, ড্রোনে করেও ছোড়া হয় কাঁদানে গ্যাসের গোলা। বহু প্রতিবাদীকে আটকও করা হয়। এদিন পঞ্জাব থেকে পায়ে হেঁটে এবং ট্রাক্টরে করে পঞ্জাব থেকে দিল্লির উদ্দেশ্যে রওনা হয় বিক্ষোভকারী কৃষকরা। পঞ্জাবের আপ সরকারের পুলিশ, তাদের পথ আটকায়নি। বিনা বাধায় তাদের রাজপুরা বহিষাস অতিক্রম করার অনুমতি দেয়

পঞ্জাব পুলিশ। প্রতিবাদীরা এগিয়ে যায় হরিয়ানার আন্থলার দিকে। কিন্তু, পঞ্জাব-হরিয়ানার মধ্যবর্তী শম্ভু সীমান্ত এলাকায় হরিয়ানা পুলিশ কৃষকদের মিছিল আটকাতে সিমেন্টের ব্যারিকেড দিয়েছিল। বিক্ষোভকারী

একমতে পৌঁছেছে দুই পক্ষ। একটি কমিটি গঠনের মাধ্যমে অন্যান্য বিষয়গুলির সমাধানের প্রস্তাব দিয়েছিল সরকার। কিন্তু, কৃষকরা সেই সমাধান মানতে চাননি। অর্জুন মুতা আরও বলেছেন, বিভিন্ন দিক আবহাওয়া বিগড়ে



কৃষকরা তাদের ট্রাক্টর দিয়ে ওই সিমেন্টের ব্যারিকেড ভেঙে দেওয়ার চেষ্টা করে। তাতেই ওই এলাকায় কয়েক মনুহূর্বের মধ্যে তীব্র উত্তেজনা ছড়িয়ে পড়ে। এরপরই কাঁদানে গ্যাস ব্যবহার করে পুলিশ। সোমবার, প্রায় ঘণ্টা পাঁচেক কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করেন কৃষক নেতারা। কৃষকদের মূল দাবিগুলি মানতে চায়নি সরকার। ফলে দুই পক্ষের মধ্যে বিরোধনাড়া হয়নি। কৃষিমন্ত্রী অর্জুন মুতা অবশ্য বৈঠকের পর দাবি করেন, বেশিরভাগ বিষয়েই

দেওয়ার চেষ্টা করা হচ্ছে বলে খবর পাছি। সরকার এবং কৃষক পক্ষের মধ্যে ব্যবধান তৈরি করতে সক্রিয় বেশ কিছু শক্তি। আমাদের কাছে এই বিষয়ে তথ্য রয়েছে। আমি কৃষকদের এই ধরনের উপাদানগুলির থেকে সতর্ক থাকতে বলছি। এদিকে, কৃষকদের এই আন্দোলনকে কেন্দ্র করে রাজধানীর পরিবেশ ফের অশান্ত হয়ে উঠতে পারে বলে আশঙ্কা করছে দিল্লি পুলিশ। তাই আগে থেকেই, রাজধানীর নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে তারা।

সভা-সমাবেশের উপর বিধিনিষেধ আরোপ করা হয়েছে। আহি-শৃঙ্খলা বজায় রাখার জন্য দিল্লির প্রতিটি সীমান্তে প্রায় দুর্গের মতো নিরাপত্তা ব্যবস্থা স্থাপন করা হয়েছে। কৃষকদের পন্যাত্রার জেরে, যে রাস্তাগুলি দিল্লির সঙ্গে আশেপাশের ছোট শহরগুলিকে যুক্ত করে, সেই সকল রাস্তায় যানজট সৃষ্টি হয়েছে। গাজিয়াবাদ এবং নয়াদা থেকে যথাক্রমে গাজিপুর এবং চিল্লা সীমান্ত দিয়ে দিল্লিতে ঢুকতে হয়। দুই সীমান্তেই গাড়ির দীর্ঘ লাইন দেখা গিয়েছে। শহরে বড় জমায়েতের উপর নিষেধাজ্ঞা জারি করেছেন দিল্লির পুলিশ কমিশনার সঞ্জয় অরোরা। এছাড়া, ট্রাস্ট্রি নিয়ে শহরে প্রবেশ, অস্ত্র বা দাহ্য কোনও বস্তু নিয়ে দিল্লিতে প্রবেশও নিষিদ্ধ করা হয়েছে। সিগু, টিকরি এবং গাজিপুর সীমান্তেও বিপুল সংখ্যক পুলিশ কর্মী মোতায়েন করা হয়েছে। দিল্লির সীমান্তগুলিতে এই সকল ব্যবস্থা নেওয়ার পাশাপাশি, হরিয়ানা রাজ্য সরকার পঞ্জাবের সঙ্গে সেই রাজ্যের সীমান্ত এলাকাগুলিতেও নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে। আন্থলা, জিন্দ, ফতেহাবাদ, কুরুক্ষেত্র এবং সিরানা-সহ সীমান্ত এলাকাগুলিতে কব্রিক্টের তৈরি ব্লক, লোহার পেরেক, কাঁটাতারের মতো বিভিন্ন জিনিস দিয়ে ব্যারিকেট তৈরি করা হয়েছে। তবে, কৃষকদের দাবি, ওই ব্যারিকেড ভাঙতে তাদের মাত্র আধ ঘণ্টা লাগবে।

মোদির গুণগান করলে তবেই অনুদান! ব্রাত্যের কটাক্ষ, ঠেলার নাম বাবাজি!

দুরন্ত বার্তা, কলকাতা, ১৩ ফেব্রুয়ারিঃ দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির গুণকীর্তন করলে তবেই কেন্দ্রীয় অনুদান পাবে বাংলার থিয়েটারের দলগুলি! কেন্দ্রের তরফ থেকে রাজ্যের থিয়েটার দলগুলির কাছে কিছুটা এমনই ধরনের নির্দেশ এসেছে বলে জানালেন রাজ্যের মন্ত্রী তথা নাট্যকার ব্রাত্য বসু। তিনি জানিয়েছেন, কেন্দ্রের তরফে যে নির্দেশিকাটি এসেছে বাংলার থিয়েটার গোষ্ঠীর কাছে, তার আদত মানে

সেটিই দাঁড়ায়। কী নির্দেশ দিয়েছে কেন্দ্র? মঙ্গলবার এন্ড হ্যান্ডলে পোস্ট করে বিষয়টি জানিয়েছেন ব্রাত্য। শিক্ষামন্ত্রী লিখেছেন, ‘কেন্দ্রের বিজেপি সরকার লোকসভা ভোটার আগে পশ্চিমবঙ্গের সবক’টি থিয়েটার দলকে এ দেশের মাননীয় প্রধানমন্ত্রীর মহিমাবাচক ও গুণকীর্তন করা

একটি ছোট নাটিকা পাঠিয়ে বলেছেন, এর অভিনয় সর্বত্র করতে হবে। ব্রাত্যের মতে, যার অর্থ, ‘অভিনয়টি না করলে কেন্দ্রের পাঠানো মোটা অনুদান এবং ভর্তুকি বন্ধ করে দেওয়া হবে।’ ঘটনাক্রমে, ব্রাত্য এর আগেও এ ভাবে সরকার নির্দেশনামায় ‘স্তুতি’ হয়েছেন। বাম আমলে তাঁর নির্দেশিত নাটক ‘উইফল টুইঙ্কল’ একাধিক বার প্রদর্শনী বন্ধের হুমকি পেয়েছিল। কখনও-সখনও সেই ছুঁশিয়ারি কার্যকরও হয়েছিল। তাঁর নাটকের জন্য প্রেক্ষাগৃহের অনুমতি না-দেওয়ার হুমকিও পেয়েছিলেন ব্রাত্য। তবে তা রাজ্য সরকারের তরফে। ঘটনাক্রম বলছেন, তার পর থেকেই ব্রাত্য তৃণমূলে যোগদান করেন। ভোটে লড়েন এবং জেতেন। যে ‘ফতোয়ার’ সন্মুখীন তিনি আগে হয়েছিলেন সাধারণ নাট্য নির্দেশক হিসেবে, রাজ্য সরকারের মন্ত্রী হিসেবেও তাঁকে সেই সরকারি ‘ফতোয়া’ নিয়েই সরব হতে হল! মঙ্গলবার ব্রাত্য তাঁর পোস্টের সঙ্গেই কেন্দ্রের পাঠানো ছ’পাতার



ছবি পোস্ট করে লিখেছেন, ‘ঠেলার নাম বাবাজি, কাকে বলে দাখ এবার।’ যদিও শিক্ষামন্ত্রীর এমন অভিযোগ ভিত্তিহীন বলে পাঠা দাবি করেছেন অভিনেতা তথা বিজেপি নেতা রুদ্রনীল চিঠি। রুদ্রনীলের দাবি, ‘কেন্দ্রের তরফে পাঠানো মোটা অনুদান ও ভর্তুকি অভিনীত না হলে অনুদান বন্ধ হয়ে যাবে, এমন কোনও কথা লেখা নেই। রাজ্যের মানুষকে বিভ্রান্ত করতেই এমন কথা বলা হচ্ছে।’

ছোট নাটিকাটিও পোস্ট করেছেন। হিন্দিতে লেখা সেই নাটকটির নাম ‘লে আয়ে বাপস সোনে কি চিড়িয়া’ যার অর্থ সোনার পাখিকে ফিরিয়ে আনলাম। নাটকটি লিখেছেন ললিত প্রকাশ। নাটকটির মর্মার্থ কী তা জানিয়ে (‘প্রধানমন্ত্রীর মহিমাবাচক ও গুণকীর্তন করা’ বলে উল্লেখ করেছেন শিক্ষামন্ত্রী) ব্রাত্য বলেন, ‘পশ্চিমবঙ্গের থিয়েটার দলগুলি যে হেতু বামপন্থী সেকুলার, তাই আমরা আশা রাখতেই পারি, এই নির্লজ্জ প্রস্তাব তাঁরা সবাই ঘৃণা ভরে প্রত্যাখ্যান করবেন।’ মন্ত্রী ব্রাত্যের পোস্ট করা ওই নাটকের পাতায় পাতায় লক্ষণীয় ব্যবহৃত ‘বিকশিত ভারত’, ‘অখণ্ডতা’র মতো শব্দবন্ধ। প্রথম পাতার শেষ দিকে রয়েছে প্রধানমন্ত্রী মোদির নামও। সেখানে নাটকের এক চরিত্র সূত্রধারকে প্রশ্ন করে, কুটুম্বকম বলতে উনি কী বোঝাতে চেয়েছেন। এই বক্তব্যের ব্যাখ্যা দিতে গিয়ে ধীরে ধীরে কপোলের সময়ে ভারতে টিকা তৈরির প্রসঙ্গ এসে পড়ে। আলোচনা হয়,

বিশ্বের কোন কোন দেশকে ভারত টিকা দিয়ে সাহায্য করেছে, সেই প্রশঙ্গও এর পরে ‘বিকশিত ভারত’ নিয়ে দীর্ঘ আলোচনার মোদি সরকারের স্লোগান ‘সব কা সব কা বিকাশ’-এর কথাও বসতে শোনা যায় চরিত্রের। ব্রাত্য ওই নাটকের পাতার ভিতরে টিকা দিয়ে সাহায্য করেছে, সেই প্রশঙ্গও এর পরে ‘বিকশিত ভারত’ নিয়ে দীর্ঘ আলোচনার মোদি সরকারের স্লোগান ‘সব কা সব কা বিকাশ’-এর কথাও বসতে শোনা যায় চরিত্রের। ব্রাত্য ওই নাটকের পাতার

পঞ্জাবের কৃষকদের দিল্লিতে যাত্রার সময় সম্পত্তির ক্ষতি হলে ক্ষতিপূরণের দাবিতে ভিডিও চালু



চন্ডিগড়, ১৩ ফেব্রুয়ারি : পঞ্জাবের কৃষকদের দিল্লিতে যাত্রার সময় সম্পত্তির কোনওরকম ক্ষতি হলে সেই ক্ষতিপূরণ মেটাতে হবে। সেই দাবিতে মঙ্গলবার সকাল থেকেই হরিয়ানার পঞ্জাব সীমান্তে ভিডিও করা শুরু হয়েছে।হরিয়ানা সরকার স্পষ্ট করে দিয়েছে যে পঞ্জাবের কৃষকদের দিল্লিতে যাত্রার সময় সম্পত্তির কোনওরকম ক্ষতি হলে যারা সেটি করেছে তাদের কাছ থেকেই সেই ক্ষতিপূরণ দিতে হবে। হরিয়ানা সরকারের তরফ থেকে সোমবার গভীর রাতে এই নির্দেশ জারি করার পর মঙ্গলবার সকালে হরিয়ানার পঞ্জাব সীমান্তে ভিডিওগ্রাফি শুরু হয়েছে।হরিয়ানার অতিরিক্ত মুখ্য সচিব (স্বরাষ্ট্র) টিভিএসএন প্রসাদ সোমবার রাতে সিন্ডিল এবং পুলিশ প্রশাসনকে জারি করা একটি নির্দেশে বলেছেন যে, হরিয়ানা রিক ভারি অফ ড্যামেজেস টু প্রপার্টি ডিস্টার্বেন্স টু পাবলিক অর্ডার অ্যাক্ট ২০২১-এর অধীনে যদি হরিয়ানার কোনও মানুষের সম্পত্তির ক্ষতি হয় তাহলে সেই ক্ষতিপূরণ দিতে হবে।

শ্রীলঙ্কান নৌবাহিনীর হাতে গ্রেফতার ১৮ ভারতীয় মৎস্যজীবী দেশে ফিরল

চেন্নাই, ১৩ ফেব্রুয়ারি :শ্রীলঙ্কার নৌবাহিনীর হাতে গ্রেফতার হওয়া তামিলনাড়ুর ১৮ জন ভারতীয় জেলে মঙ্গলবার দেশে ফিরছেন। আটক জেলেরা মঙ্গলবার শ্রীলঙ্কার রাজধানী কলম্বো থেকে আকাশপথে তামিলনাড়ু পৌঁছেন। তামিলনাড়ুতে পৌঁছলে আটক ভারতীয় মস্যাজীবীদের তামিলনাড়ুর মস্য দফতরের আধিকারিক এবং বিজেপির কিছু কর্মীরা স্বাগত জানান।আনুয়ারি মাসে ১৮ জন ভারতীয় মস্যাজীবীকে সামুদ্রিক বিধি লঙ্ঘনের অভিযোগে গ্রেফতার করা হয়েছিল। শ্রীলঙ্কান নৌবাহিনী তাদের গ্রেফতার করেছিল। সেখানে একটি জেলে তাদের রাখা হয়েছিল। পুলিশ সূত্রে জানা গিয়েছে যে, একটি স্থানীয় আদালত ফেব্রুয়ারি মাসের শুরুতে তাদের মুক্তির নির্দেশ দেয়। তারপরে তাদের সেখানে একটি ক্যাম্পে রাখা হয়।মৎস্যজীবীরা রাজ্য সরকারের পাঠানো গাড়িতে সড়কপথে রামানুথপুরমের উদ্দেশে রওনা হয়েছে



প্যারিস, ১৩ ফেব্রুয়ারিঃ অলিম্পিক শুরু হতে আরও ৪ মাস বাকি। শুরু ২৬ জুলাই থেকে। অলিম্পিক মশাল ঘুরবে প্যারিসের ৬৪টি অঞ্চল, এর মধ্যে পাঁচটি বিদেশে, সব মিলিয়ে ৪০০ শহর ঘুরবে প্যারিস অলিম্পিক মশালা। ৬৮ দিনের মশাল রিলে পর কলভুন জ্বলবে। প্যারিস অলিম্পিকের স্থানীয় আয়োজন কমিটির প্রেসিডেন্ট টনি এন্টনগায়ের এক অনুষ্ঠানে বলেছেন, ‘ দেশের ক্রীড়া ইতিহাসে প্যারিস অলিম্পিক সবচেয়ে বড় প্রোজেক্ট। অলিম্পিকের চর্চা রিলে প্রচুর মানুষের মধ্যে আগ্রহ তৈরি করবে।’ ১৬ এপ্রিল গ্রিসের আনসিয়েন্ট অলিম্পিয়ায় সূর্যের রশ্মিতে জ্বলবে অলিম্পিক মশালা। বিভিন্ন দেশ, শহর পরিক্রমার পর এথেন্সে তা হস্তান্তর হবে। ২৭ এপ্রিল আর্দেল থেকে বেলেমে জাহাজে ফরাসি শহর মার্শেইতে যাত্রা করবে অলিম্পিক মশালা।৮ মে মার্শেইতে পৌঁছবে অলিম্পিক মশাাল। সেখান থেকে বিভিন্ন ঐতিহাস্যালী জায়গা ঘুরবে অলিম্পিক মশালা।

ইসরায়েলকে অস্ত্র পাঠানো বন্ধ করতে যুক্তরাষ্ট্রের প্রতি ইইউর আহ্বান

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ ইসরায়েলকে অস্ত্র পাঠানো বন্ধে যুক্তরাষ্ট্রসহ দেশটির মিত্রদের প্রতি আহ্বান জানিয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। ফিলিস্তিনের গাযায় ‘ বেশিসংখ্যক মানুষের’ নিহত হওয়ার পটভূমিতে ইউরোপের ২৭ দেশের জোটের পররাষ্ট্রনীতি বিষয়ক প্রধান জোসেপ বোরেল এ আহ্বান জানিয়েছেন।গত সপ্তাহে ইসরায়েলের সেনাবাহিনীর অভিযান ‘ অতি মাত্রায়’ গিয়ে ঠেকছে বলে মন্তব্য করেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন। তাঁর এক মন্তব্যের প্রতি ইঙ্গিত করে বোরেল গতকাল সোমবার বলেন, ‘ যদি মনেই করেন যে অনেকসংখ্যক মানুষকে হত্যা করা হচ্ছে, তবে এই মানুষের হত্যা ঠেকাতে আপনার কম অস্ত্র সরবরাহ



করা উ চি ত।’ বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে এক সংবাদ সম্মেলনে বোরেল এসব কথা বলেন। এ সময় তিনি প্রশ্ন তোলেন, এটা কি যৌক্তিক? এ সময় তাঁর পাশে উপস্থিত ছিলেন জাতিসংঘের

ফিলিস্তিনি শরণার্থী সংস্থা ইউএনআরডব্লিউএর প্রধান ফিলিপ লাজারিনি। বেশ কিছুদিন ধরে তাঁর পদত্যাগের দাবি করে আসছে ই’ স র । য়ে ল । ই’ ই’ উ’ র পররাষ্ট্রনীতিবিষয়ক প্রধান প্রশ্ন

ইডি দেখেই মোবাইল ছুঁড়ে ফেলে দিলেন ব্যবসায়ী,এ যেন আরেক জীবনকৃষ্ণ!

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃরেশন দুনীতি মামলার তদন্তে মঙ্গলবার সকাল থেকে ফের ‘ অ্যাকশন মোডে’ কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডি (ED)। সন্টলেক, বাগুইআটি, কৈ খালি, নিউ আলিপুর-সহ কলকাতার একাধিক জায়গায় দলে দলে ভাগ হয়ে ফ্ল্যাট, বাড়ি, অফিসে তল্লাশি চলছে। রেশন দুনীতিতে এখানেও পর্যন্ত ধৃতদের জেরা করে যাবঁদের নাম উঠে এসেছে, তারাই এই মুহূর্তে ইডির নথিতে। গোটা দুনীতি কাণ্ডের জট খুলতে ইডির এই অভিযান।কেন্দ্রীয় তদন্ত সংস্থার আধিকারিকরা হানা দেওয়ার খবর পেয়েই নিজের দু’টি মোবাইল পাশের বাড়ির ছাদে ছুড়ে নেন ওই ব্যবসায়ী। পরে পাশের বাড়ি থেকে সেই মোবাইল দু’টি উদ্ধার করেন ইডির তদন্তকারী আধিকারিকরা।স্বাভাবছরের এপ্রিলে নিরোণ দুনীতির তদন্তে নেমে মুর্শিদাবাদের বড়ওয়ার বিহারীক জীবনকৃষ্ণ সাহার বাড়িতে হানা দিয়েছিল সিবিআই। জিজ্ঞাসাবাদের সময় অসুস্থতার কথা বলে বাড়ির বাইরে বেরোতে চান

জীবনকৃষ্ণ। বাড়ির পিছনের শৌচাগারে যাওয়ার নাম করে পাঁচিল টপকে নিজের দু’টি মোবাইল পুকুরে ছুড়ে আশেন বিধায়ক। তাঁর এই কাণ্ডে হকচকিয়ে যান তদন্তকারীরাও। বিধায়কের মোবাইল থেকে নিয়োগে দুনীতির গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া থাকতে পারে মনে করে তখনই মোবাইল দু’টি উদ্ধারে নেমে পড়ে সিবিআই। স্থানীয় কৃষকদের সহযোগিতায় সেই মোবাইল দু’টি উদ্ধারও করা হয়েছিল। মোবাইল থেকে অনেক তথ্যও তদন্তকারী আধিকারিকদের হাতে উঠে আসে বলে সিবিআই সূত্রে খবর।মঙ্গলবার সকালে খানিকটা একই রকম দৃশ্য দেখা গেল কৈখালিতেও। পুকুরের জলে না ফেললেও কেন্দ্রীয় তদন্ত সংস্থার আধিকারিকরা ওই ব্যবসায়ীর আবাসনে প্রবেশ করার পর তিনি তাঁর কোনে দু’টি মোবাইল দিয়ে ছুড়ে ফেলে নেন। সঙ্গে ছুড়ে দেন একটি পাঁচশো টাকাধর নোটও। ফোন দু’টি পাশের বাড়ির ছাদে গিয়ে পড়ে। তবে পরে ফোন দু’টি উদ্ধার করে ইডি।তদন্তকারী আধিকারিকরা মনে

করছেন, কৈখালির ওই ব্যবসায়ীর দু’টি ফোনে ‘ দুনীতি’ সংক্রান্ত অনেক তথ্য বুকিয়ে থাকতে পারে। আর সেই কারণেই তড়িঘড়ি সেগুলি লোপাটের চেষ্টা করা হয়। ফোন দু’টি বাজোয়াণ্ড করে সেই ফোনের তথ্য খতিয়ে দেখা হচ্ছে বলে ইডি সূত্রে খবর।মঙ্গলবার সকালে থেকে ফের সক্রিয় হল ইডি। মঙ্গলবার সকাল ৭টা নাগাদ প্রথমে সন্টলেকের আইবি ব্লকের একটি বাড়িতে হানা দেন ইডির তদন্তকারীরা। পরে জানা যায়, বিভিন্ন দলে বিভক্ত হয়ে ইডি আধিকারিকেরা নিউ আলিপুর, পার্ক স্ট্রিট, রাসেল স্ট্রিট, বাগুইহাটি, কৈখালি এলাকার আরও পাঁচটি জায়গায় হানা দিয়েছেন। তদন্তকারীদের সঙ্গে রয়েছেন কেন্দ্রীয় বাহিনীর জওয়ানেরাও।গত সোমবার আইবি ব্লকের একটি বাড়ির দরজায় লক্কী নাড়েন ইডি আধিকারিকেরা। এক মহিলা দরজা খুললে তদন্তকারীদের তরফে বিশৃঙ্খলি দাস নামের এক ব্যবসায়ীর বিষয়ে খোঁজখবর করা হয়। সেই ব্যক্তি বাড়ি নেই জেনে, ফোনেই

তাঁর সঙ্গে যোগাযোগ করেন ইডি আধিকারিকেরা। পরে ‘ ওয়ারেন্ট’ দেখিয়ে বাড়ির ভিতরে ঢোকেন ইডি আধিকারিকেরা। তল্লাশির খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুলিশ।স্ট্রডি সূত্রের খবর, রেশন মামলার তদন্তে যে কোটি কোটি টাকা নয়য়য় করা হয়েছিল, সেই টাকা কোথায় এবং কী ভাবে বিনিয়োগ করা হয়েছে, তা জানতেই এই তল্লাশি অভিযান চলছে। বাংলায় রেশন সংক্রান্ত আর্থিক দুনীতির তদন্ত করছে ইডি। তদন্তে নেমে ইতিমধ্যেই তারা গ্রেফতার করেছে রাজ্যের মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিককে। জ্যোতিপ্রিয়ের সূত্র ধরেই এই মামলার বনগাঁর প্রান্তরন পুরপ্রধান শঙ্করের নাম পায় ইডি। তাঁকে গ্রেফতার করা হয়। একই সঙ্গে গ্রেফতার করা হয় মন্ত্রীর ঘনিষ্ঠ বলে পরিচিত ব্যবসায়ী তথা চাল-গমের মিল মালিক বাকিবুর রহমান এবং বনগাঁর প্রান্তরন পুরপ্রধান শঙ্করেরও। রেশনমন্ত্রীর তৃণমূলের প্রভাবশালী নেতা, সন্দেশখালির শাহজাহান শেখকেও খুঁজছে ইডি।

সন্দেশখালি যেতে চেয়ে হাই কোর্টে বিজেপি

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ উত্তণ্ড সঃদেশখালিতে (Sandeshkhali) যেতে গিয়ে একবার বাধার মুখে পড়েছেন। নতুন করে আবার সেখানে বাওয়ার পরিকল্পনা হয়েছে। আর তা যাতে মসৃণভাবে হয়, সেই কারণে এবার সরাসরি আদালতের দ্বারস্থ হল বিজেপি নেতৃত্ব। মঙ্গলবার কলকাতা হাই কোর্টে (Calcutta HC) এই সংক্রান্ত অনুমতি চাইলেন শুভেন্দু অধিকারী, শংকর ঘোষার। আত্মই ভয় পড়তো সন্তানি হওয়ার কথা।সোমবার বিধানসভা থেকে বেরিয়ে বেলা সাড়ে ১১টা নাগাদ একটি বাসে চেপে সন্দেশখালির উদ্দেশে রওনা দেন বিজেপি বিধায়কেরা। তাঁরা জানিয়েছিলেন, ১৪৪ ধারা ভেঙে সন্দেশখালিতে প্রবেশ করেন না তাঁরা। শুধু মাত্র বিজেপির চার জন মহিলা বিধায়ক সন্দেশখালির নির্যাতিতা মহিলাদের সঙ্গে দেখা করার অনুমতি চাইবেন। তবে সন্দেশখালি ঢোকার অনেক আগেই তাঁদের আটকে দেয় পুলিশ।সোমবার বিজেপি বিধায়কদের

গাড়ি আটকানো নিয়ে সরব হতে দেখা গিয়েছিল রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে। তিনি ওই গাড়িতেই ছিলেন। শুভেন্দুর দাবি ছিল, ভয় পেয়ে আটকানো হয়েছে বিজেপি বিধায়কদের। তিনি এবং বাকি বিধায়কেরা বাসগী হাইওয়েতেই বসে থাকবেন বলেও জানিয়েছিলেন শুভেন্দু। বিরোধী দলনেতা বলেছিলেন, ‘ মমতা বন্দ্যোপাধ্যায় ভয় পেয়েছেন। ভয়ে থরথর করে কাঁপছেন। তাই সন্দেশখালি যাওয়ার ৬০ কিলোমিটার আগেই আটকানো হল। এখানে ১৪৪ ধারা নেই। কেন আটকানো হল বৃকতে পারছি না। আমরা এখানেই বসে থাকব।’’ শুভেন্দু আরও বলেন, ‘ শান্ত ভাবে ক থা বলতে যাঁচিছিলাম, কিন্তু তাঁর আগেই আটকে দেওয়া হল। সিপিএমকে ঢ়ু কতে দেওয়া হয়। রাজ্যপালকে ঢ়ু কতে দেওয়া হয়। কিন্তু আমাদের ঢ়ু কতে দেওয়া হল না।’’

কেন্দ্রীয় মন্ত্রী গডকড়ি উত্তরাখণ্ডে পৌঁছলে তাঁকে স্বাগত জানালেন মুখ্যমন্ত্রী ধামি

দেহরাদুন, ১৩ ফেব্রুয়ারি : কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গডকরি মঙ্গলবার উত্তরাখণ্ডে পৌঁছলে তাঁকে স্বাগত জানান উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্ক সিং ধামি। কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গডকরি এদিন উত্তরাখণ্ড সফরে আসেন। তিনি এদিন উধম সিং নগর জেলার পদ্মনগর বিমানবন্দরে পৌঁছলে তাঁকে স্বাগত জানান মুখ্যমন্ত্রী পুষ্ক সিং ধামি। কেন্দ্রীয় মন্ত্রী গডকরিকে পাদ্তনগর বিমানবন্দরে গার্ড অফ অনার নেন।কেন্দ্রীয় মন্ত্রী এদিন গান্ধী ময়দান টানাকপুরে কুমায়নের জন্য ২২০০ কোটি টাকারও বেশি মূল্যের ৮টি প্রকল্পের ভিত্তিপ্তস্তর স্থাপন করবেন। হরিদ্বারে, আড়াই কিলোমিটার দীর্ঘ ফ্লাইওভার সহ গাড়ওয়াল বিভাগের কয়েক ডজন প্রকল্পের উদ্বোধনও করবেন নীতিন গডকরি।

লুট করা টাকা নিয়ে বিরোধের জের চলল গুলি
পূর্ব চম্পারণ, ১৩ ফেব্রুয়ারি : সম্প্রতি বিহারের মতিহারী শহরে এক ছব্রের উপর গুলি চালানোর ঘটনায় পুলিশ আহত বিকাশ শুল্ককে আটক করেছে। এখন তাতে পুলিশ হেফাজতে নিয়ে ক্রিফতাস দেওয়া হচ্ছে। সেই সঙ্গে ছাত্রকে যে গুলি করেছে তাকেও গ্রেফতার করেছে পুলিশ। ধৃত যোড়সাহানের বাসিন্দা জয়প্রকাশ যাদব । ঘটনাস্থল থেকে একটি চোরাই বাইক, সেলফোন ও একটি খোসা উদ্ধার করা হয়েছে।পুরো ঘটনার তথ্য দিয়ে মঙ্গলবার এসপি কান্তেশ কুমার মিশ্র বলেন, লুটের টাকা বন্টন নিয়ে

বাংলায় সররকম ভাবে ঝাঁপাবে তা নিয়ে কোনও রহস্য নেই। মৌদি-শাহ জমানার কৌশলই হল, একটি একটি করে আসন জোড়া। বাংলায় শাসক দল যে তারই মোকাবিলায় আসন ধরে ধরে এগোচ্ছে তা স্পষ্ট। দরকার কাকে পরিস্কার ছিল যে ঘটালে দেব প্রাণী না হলে তৃণমূলের পক্ষে জেতা মুশকিলা অথচ এ ব্যাপারে দেবের মতো দোদুল্যমানতা ছিল। দরকার কাকে পরিস্কার ছিল যে ঘটালে দেব প্রাণী না হলে তৃণমূলের পক্ষে জেতা মুশকিলা অথচ এ ব্যাপারে দেবের মতো দোদুল্যমানতা ছিল। দরকার কাকে পরিস্কার ছিল যে ঘটালে দেব প্রাণী না হলে তৃণমূলের পক্ষে জেতা মুশকিলা অথচ এ ব্যাপারে দেবের মতো দোদুল্যমানতা ছিল। দরকার কাকে পরিস্কার ছিল যে ঘটালে দেব প্রাণী না হলে তৃণমূলের পক্ষে জেতা মুশকিলা অথচ এ ব্যাপারে দেবের মতো দোদুল্যমানতা ছিল। দরকার কাকে পরিস্কার ছিল যে ঘটালে দেব প্রাণী না হলে তৃণমূলের পক্ষে জেতা মুশকিলা অথচ এ ব্যাপারে দেবের মতো দোদুল্যমানতা ছিল।

সংযুক্ত আরব আমিরাতে ’আহলান মৌদি’ অনুষ্ঠানে অংশগ্রহণে আগ্রহপ্রকাশ প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ১৩ ফেব্রুয়ারি : সংযুক্ত আরব আমিরাতে ’আহলান মৌদি’ অনুষ্ঠানে অংশগ্রহণ করতে আগ্রহ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি মঙ্গলবার সকালে এনিয়ে তাঁর প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মঙ্গলবার সকালে সামাজিক মাধ্যম এক্স-এ লিখেছেন যে, আমরা আমাদের ভারতীয় প্রবাসী এবং বিশ্বের সঙ্গে ভারতের সম্পর্ক গভীর করার জন্য সংযুক্ত আরব আমিরাতের প্রচেষ্টার কারণে অত্যন্ত গর্বিত। মঙ্গলবার সন্ধ্যায় আমি ’আহলান মৌদি’ অনুষ্ঠানে সংযুক্ত আরব আমিরাতের ভারতীয় প্রবাসীদের মধ্যে উপস্থিত হওয়ার অপেক্ষায় আছি। আপনাদের এই স্মরণীয় অনুষ্ঠানে অংশগ্রহণ করা উচিত উল্লেখ্য, প্রধানমন্ত্রী মৌদি মঙ্গলবার দুদিনের সংযুক্ত আরব আমিরাতে সফরে আসছেন।সফরকালে প্রধানমন্ত্রী মৌদি সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্ট শেখ মোহাম্মদ বিন জয়েদ আল নাহিয়ানের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। তিনি আবুধাবিতে প্রথম হিন্দু স্থানীনারাণ মন্দিরের উদ্বোধন করবেন। আবুধাবিতে ভারতীয় সম্প্রদায়ের উদ্দেশে ভাষণও দেবেন প্রধানমন্ত্রী মৌদি।

রায়পুর রেলস্টেশন থেকে দ্বিতীয় আস্থা স্পেশাল ছাড়বে অযোধ্যার উদ্দেশ্যে



রায়পুর, ১৩ ফেব্রুয়ারি : ছত্তিশগড়ের রায়পুর রেলস্টেশন থেকে অযোধ্যার উদ্দেশ্যে দ্বিতীয় আস্থা স্পেশাল ট্রেন ছাড়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ১৪ ফেব্রুয়ারি ছত্তিশগড় থেকে আস্থা স্পেশাল ট্রেনটি ছাড়বে। রায়পুর রেলওয়ে স্টেশন থেকে অযোধ্যার উদ্দেশ্যে রওনা দেবে এটি ট্রেন।রায়পুর থেকে এই ট্রেন যাত্রার শুভারম্ভ করবেন মুখ্যমন্ত্রী বিষ্ণুদেও সাই। আজ এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী সাই-এর পাশাপাশি উপস্থিত থাকবেন সংস্কৃতিমন্ত্রী ব্রিজমোহন আগরওয়াল, স্থানীয় বিধায়ক ও জনপ্রতিনিধিরা। ছত্তিশগড় রাজ্যের বিজেপি মহিলা সহ-সভাপতি লক্ষ্মী ভার্মা মঙ্গলবার এই তথ্য জানিয়েছেন।লক্ষ্মী ভার্মা জানিয়েছেন, সারা দেশের মানুষ রামলালা দেহতে যাচ্ছে। ছত্তিশগড় থেকেও প্রথম আস্থা ট্রেনটি দুর্গ থেকে রওনা হয় এমাসের ৭ তারিখে। দ্বিতীয় ট্রেনটি রায়পুর স্টেশন থেকে চলবে। লক্ষ্মী আরও জানান, রামলালা ভক্তদের অযোধ্যায় দর্শনের জন্য বিনামূল্যে বাসের সুবিধার ব্যবস্থা করা হয়েছে। ছত্তিশগড় থেকে যারা সেখানে ৬০ দিনের জন্য যাবেন তাদের ‘ প্রসাদ’ বিতরণ করা হবে।

কৃষক ইউনিয়নের ডাকা মিছিলে দিল্লির উদ্দেশ্যে যাত্রা বহু কৃষকের

নয়াদিল্লি, ১৩ ফেব্রুয়ারি : কৃষক ইউনিয়নের ডাকা মিছিলে মঙ্গলবার দিল্লির উদ্দেশ্যে যাত্রা করবে বহু কৃষক। দেশজুড়ে বিভিন্ন প্রান্ত থেকে কৃষকরা এই মিছিলে পা মেলাবে। সেজন্য মঙ্গলবার ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সীমান্ত সিল করে দেওয়া হয়েছে।জানা গিয়েছে, এই আন্দোলন দেশের প্রায় ২০০টি কৃষক ইউনিয়নের আন্দোলন। তবে প্রধান পঞ্জাব, হরিয়ানা এবং পশ্চিম উত্তর প্রদেশের কৃষকরা এই মিছিলে অংশ নিতে চলেন।নো। সেজন্য এসব রাজ্য সংলগ্ন সিংগু বর্ডার ও গাজীপুর বর্ডারে তাদের থানামোর জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।গতবারের কৃষক আন্দোলনের পরিপ্রেক্ষিতে ইতিমধ্যেই সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। দিল্লি সংলগ্ন হরিয়ানা সীমান্তে সশস্ত্র বাহিনীর ১১টি অতিরিক্ত কোম্পানি নিয়োগ করা হয়েছে। হরিয়ানা এবং পশ্চিম উত্তর প্রদেশ সংলগ্ন রাস্তায় বড় সিমেন্টের স্ল্যাব, কটাতার এবং পেরেক বসিয়ে কৃষকদের ট্রাক্টরগুলিকে দিল্লি সীমান্তে প্রবেশ করতে বাধা দেওয়ার জন্য জোরদার ব্যবস্থা করা হয়েছে।উল্লেখ্য, কৃষকরা এমএসপি অর্থাৎ ন্যূনতম সমর্থন মূল্য সহ অন্যান্য দাবিতে অনড়। কৃষকদের এই আন্দোলনের পরিপ্রেক্ষিতে, হরিয়ানা এবং পশ্চিম উত্তর প্রদেশ থেকে নিরামিত দিল্লিতে আসা মানুষদের এদিন অনেক সমসায় পড়তে হতে পারে। সরকার চেষ্টা করছে কৃষকরা যাতে মঙ্গলবার বিক্ষোভ করে এবং সীমান্ত থেকে ফিরে যায়। গতবারের মতো আন্দোলনে না বসে। অন্যদিকে দীর্ঘদিন আন্দোলন চালিয়ে যাওয়ার ইঙ্গিত দিচ্ছেন কয়েকজন কৃষক নেতা।

কুয়াশার কারণে দিল্লি বিমানবন্দরে বিমান পরিষেবা ব্যাহত

নয়াদিল্লি, ১৩ ফেব্রুয়ারিঃ কুয়াশার কারণে দিল্লি বিমানবন্দরে বিমান পরিষেবা ব্যাহত হয়েছে। কুয়াশার কারণে দৃশ্যমানতা কমে যাওয়ায় মঙ্গলবার দিল্লি বিমানবন্দরে বেশ কয়েকটি বিমান দেরিতে চলছে।বিমানবন্দর থেকে বিমানবাহাদ্রীদের উদ্দেশ্যে জানাচ্ছে হয়েছে যে, সিএটিইন্সট্রুমেন্ট ল্যান্ডিং সিস্টেম)-এর মাধ্যমে বোঝা গেছে যে এখন বর্তমান আবহাওয়া বিমান চলাচলের জন্য অনুকূল নয় সেজন্যই বিমান চলাচলে বিলম্ব হচ্ছে। যাত্রীরা পরবর্তী তথ্য জানতে অবশ্যই এয়ারলাইন্সের সঙ্গে যোগাযোগ করুন। বিমানবন্দর কর্তৃপক্ষের তরফে আরও জানানো হয়েছে যে বিমানগুলি যাত্রা শুরু করার জন্য উপযুক্ত আবহাওয়া নেই। এই অসুবিধার জন্য আমরা গভীরভাবে দুঃখিত।ইন্ডিয়া মেট্রোলজিক্যাল ডিপার্টমেন্ট জানিয়েছে যে দিল্লির কিছু অংশে কুয়াশার জন্য দৃশ্যমানতা ত্রুত হ়াস পেয়েছে। ৮০০ মিটার থেকে ১৫০ মিটারে হ্রাস পেয়েছে।

পিছিয়ে পড়েও চেলসির বড় জয়

স্ট্যামফোর্ড, ১৩ ফেব্রুয়ারিঃপ্রথমার্ধে পিছিয়ে পড়েও দ্বিতীয়ার্ধে চেলসি পেল বা জয়। প্রথমার্ধ ম্যাচ শেষ করেছিল পিছিয়ে থেকে।তারপর দ্বিতীয়ার্ধে দারুণভাবে পারফরম্যান্স দেখিয়ে ফিরল চেলসি। সেইসঙ্গে ক্রিস্টাল প্যালেসকে ৩-১ গোলে হারিয়ে দা ব্লুজরা পেল বড় জয়। আর এই জয়ে পয়েন্ট টেবিলেও ৪৪ ম্যাচে ৩১ পয়েন্ট নিয়ে টেবিলের ১০ম স্থানে এল মরিনিও পচেস্তিনের শিয্যরা।সোমবার রাতে ক্রিস্টাল প্যালেসে অ্যাওয়ে ম্যাচের ৩০ মিনিটে পিছিয়ে পড়ে চেলসি। এরপর তারা প্রথমাধে আর সেই গোলে শোধ করতে পারেনি। অথচ পুরো ম্যাচেই ছিল চেলসির রাজত্ব,তাদের গায়ে বহু ছিল ৭৭ ভাগ। ৪৭ মিনিটে গোল করে চেলসিকে সমতায়

পূর্ণাঙ্গ পঞ্জিকা
কলকাতা,১৪ফেব্রুয়ারিঃবুধবার, ১ ফাল্গুন মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ১৪ফেব্রুয়ারিঃ ২০২৩, ৫৩৬ চৈতন্যদ্বাদ, কলিঃ৫২২৩, সৌরঃ১ ফাল্গুন মাস, চান্দ্র ৭ মধুসূদন মাস, ১১৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাধ, ২৫৬৫ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ১ ফাল্গুন মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ ১ ফাল্গুন মাস ১৯৪৪, মৈতেঃ ১১৪ শজিবু, আসামঃ২৬ চ’ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপূজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তবিকাল ০ঃ৫১ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১৪ ২২(৮) এবং অন্তরাহ্নিঃ ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্র পক্ষ তিথিঃশুগুম্মী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৭৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বস্করণঃবহিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৭৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅভিজিৎ অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩০ পর্যন্ত, তারপর ১২ঃ ৫ঃ৩০ঃ থেকে - ০২ঃ৩২ঃ১৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রিঃ ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ৫০ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রিঃ ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩৮ পর্যন্ত।কুলিক বেলঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪ঃ৫২ পর্যন্ত।কুলিক রাত্রিঃ০৭ঃ ২ঃ২৫ থেকে - ০৮ঃ০৫ থেকে - ০৮ঃ০৫ঃ৩০ পর্যন্ত।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ৪০ঃ৫২ পর্যন্ত।কালারোহিণীঃ দিন ১০ঃ৪০ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত।কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৫০ পর্যন্ত।গ্রন্থকুটী (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১ঃ২৪ঃ ৬১৯ (২৭) ৩ পদঃশুভঃ ২২১৫২৫০ (৭) ১ পদঃমঙ্গলঃ ২২৭৫৩৫৯ (২৬) ২ পদঃবুধঃ ০২২২৫ (১) ১ পদঃবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৬ পদঃশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদঃশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদঃরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদঃকেতুঃ ৭২২৭৬৩ (১৬) ৪
আবহাওয়া
বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮.৩ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ১৯.০ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯৯শতাংশ এবং ৪১শতাংকরা। বৃষ্টি হান্নি মঙ্গলবার। জোয়ার-সকাল ৫টা ২১ মিনিট এবং রাতঃ৭টা ২০মিনিট হবে। ডাটা-কাল-৫টা ২০মিনিট। রাতঃ৯টে ২১ মিনিট। সূর্য উদয় ৭ঃ৬৩ টা ১৫মিনিট এবং সূর্য অস্ত্য যাবে : ৫ টা ১৫ মিনিটে।

রাশিফল
মেঘরাশিঃমদ্যপানের অভ্যাস থেকে মুক্তি পাওয়ার পক্ষে এটি একটি অত্যন্ত শুভ দিন। শুভ বৃষত রাশিঃআপনার খাবার সম্পর্কে সঠিক যত্ন নিন, বিশেষ করে মাইগ্রেনের রোগীরা, যাদের খাওয়া বাদ দেওয়া উচিত নয়। মিথুন রাশিঃস্ত্রীর ব্যাপারে অসত্য থেকে মুক্তি পাওয়ার পক্ষে এটি একটি অত্যন্ত শুভ দিন। শুভ কর্কট রাশিঃআপনার খাবার সম্পর্কে সঠিক যত্ন নিন, বিশেষ করে মাইগ্রেনের রোগীরা, যাদের খাওয়া বাদ দেওয়া উচিত নয়। সিংহরাশিঃসংসারে শান্তি হতে পারে। বিবাহের যোগ হতে পারে।কন্যারাশিঃবিদেশ যাত্রা শুভ। সন্তান হতে পারে আজকের দিনে।তুলারাশিঃস্বাস্থ্যের দিক থেকে এটি অত্যন্ত ভালো দিন। শুভদিন বৃশ্চিক রাশিঃ আপনি আপনার শারীরিক মনোবল বাজায় রাখার জন্য খেলাধুলায় আপনার সময় ব্যয় করুন। সংসারে শান্তি হবে।ধনু রাশিঃ আপনার ঈর্ষাপরায়ণ ব্যবহার আপনাকে দুঃখিত করে অবসাদগ্রস্ত করবে পারে।আর্থিক সীমাবদ্ধতা এড়াতে আপনার বাজেট থেকে আদান। শুভদিন মকর রাশিঃবন্ধুরা সহায়ক হবে এবং আপনাকে খুশি রাখবে।আপনি আজ আপনার অর্থস্রষ্টার খারাপ স্বাস্থ্যের জন্য ব্যয় করতে কুন্ত রাশিঃকতি খুশির দিনে মানসিক উত্তেজনা এবং চাপ এড়িয়ে চলুন। এটি আরেকটি উচ্চ-শক্তিসম্পন্ন দিন এবং অপ্রত্যাশিত লাভ আদা থেকেই দেখা যাচ্ছে। শুভদিন মীন রাশিঃঅত্যন্ত প্রভাবশালী ব্যক্তিদের সমর্থন আপনার বাস্তবিক সমর্থক এক বড় উত্সাহদান করবে। আজ ঘনিষ্ঠ বন্ধুর সহায়তায় বিধবাসী।আর্থিক লাব্ধিতে সন্তুষ্ট বান্না রয়েছে। এই অর্থ আপনার অনেক ঝামেলা কাটিয়ে উঠতে পারে। এই মুহূর্তে বাচ্চা আর পরিবার আপনার প্রধান লক্ষ্য। আপনার প্রিয়জন যুগা

সন্দেশখালি পরিদর্শনে তফসিলি জাতি কমিশনের প্রতিনিধি দল

দূরন্ত বার্তা, সন্দেশখালি, ১৩ ফেব্রুয়ারিঃ সন্দেশখালি পরিদর্শনে আসছেন তফসিলি জাতি কমিশনের প্রতিনিধি দল। চেয়ারম্যান অরুণ হালদারের নেতৃত্বে আসছে এক প্রতিনিধিদল। ১৫ ফেব্রুয়ারি সন্দেশখালী পরিদর্শনে যাবে জাতীয় তফসিলি জাতি কমিশনের প্রতিনিধি দল। সকাল ১১ টায় সন্দেশখালি পৌছবেন কেন্দ্রীয় প্রতিনিধি দল। অত্যাচারিত পরিবারের দের সঙ্গে দেখা করবে জাতীয় তফসিলি জাতি কমিশনের সদস্যরা।সেই দিনই জেলা প্রশাসন জেলা শাসক, পুলিশ সুপার সহ আধিকারিক দের সঙ্গে কথা বলবেন। তার পরে সাংবাদিক দের সঙ্গে কথা বলবে জাতীয় তফসিলি জাতি কমিশনের চেয়ারম্যান।

মা ও মেয়ের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য

শ্রেয়া আদক, হাওড়া, ১৩ ফেব্রুয়ারিঃ হাওড়ার বাকসাডায় মা ও মেয়ের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য। জানা গেছে, এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী মেয়ের মৃত্যুর শোকে আত্মঘাতী হন মা। হাওড়ার বাকসাডায় এই ঘটনায় শোকের ছায়া। মেয়ের অস্বাভাবিক মৃত্যুর শোকে কিছুক্ষণ পরেই গলায় দড়ি দিয়ে আত্মঘাতী হন মা। মঙ্গলবার হাওড়ার বোটানিক্যাল গার্ডেন থানা এলাকার বাকসাডায় ওই ঘটনা ঘটে। মৃতেরা হলেন মেয়ে সায়নী রায়(১৮) ও মা আলপনা রায়(৪৩)। জানা গেছে, এদিন সকালে ঘরের ভিতর থেকে সিলিং ফ্যানের সঙ্গে গলা দড়ি দেওয়া অবস্থায় প্রথমে সায়নীর যুলন্ত দেহ উদ্ধার হয়। পরে ওই ঘরেই গলায় দড়ি দিয়ে আত্মঘাতী হন মা। মেয়ের দেহ আনতে বাড়ির সদস্যরা যখন হাওড়া জেলা হাসপাতালে গিয়েছিলেন তখনই ঘরের ভিতর সিলিং ফ্যানের সঙ্গে ওড়নার ফাঁদ জড়িয়ে আত্মহত্যা করেন সায়নীর মা আলপনা দেবী। দেহ দুটি ময়নাতত্ত্বের জন্য পাঠানো হয়েছে। মৃত্যুর কারণ খতিয়ে দেখা হচ্ছে।

সরস্বতী পুজোর আগের দিন হুগলি জেলা জুড়ে ব্যাংক ও পোস্ট অফিসে লিংক ফেল ফ্লোভে গ্রাহকেরা

দূরন্ত বার্তা, হুগলি, ১৩ ফেব্রুয়ারিঃ শ্রী পঞ্চমী অর্থাৎ সরস্বতী পুজোর আগের দিন ব্যাংক ও পোস্ট অফিসের গ্রাহকদের মাথায় হাত। মঙ্গলবার হুগলি জেলার সর্বত্র বেশ কিছু ব্যাংক ও সমস্ত পোস্ট অফিসের লিংক নেই। মঙ্গলবার সকাল থেকে ব্যাংকে গ্রাহকদের লাইন পড়ে যায় বিশেষ করে টাকা তুলতে ঘন্টার পর ঘন্টা দাঁড়িয়ে থাকেন লাইনে শোরগোল শুরু হয়ে যায় ব্যাংক কর্তৃপক্ষের কাছে গ্রাহকদের প্রশ্ন লিংক নেই কেন পুজোর কেনাকাটা কি করে হবে? ফ্লোভ প্রকাশ করেন গ্রাহকেরা । ব্যাংক কর্তৃপক্ষ বলতে পারেন না কখন লিংক আসবে পাশাপাশি পোস্ট অফিসের অবস্থা একই হুগলির সর্বত্র পোস্ট অফিস গুলিতে মঙ্গলবার সকাল দশটা থেকেই লিংক ফেল গ্রাহকেরা পোস্ট অফিসে টাকা তুলতে এসে মাথায় হাত তারা ঘন্টার পর ঘন্টা

ডাকাতির আগেই ধৃত দূরন্ত বার্তা, জয়নগরঃ আবার জয়নগর থানার পুলিশের সাফল্য। গোপন সূত্রে খবর পেয়ে জয়নগর থানার পুলিশ সোমবার রাতে ডাকাতির আগেই গ্রেফতার করে দুজনকে। পুলিশ সূত্রে জানা যায়, জয়নগর থানার গোড়েরহাট এলাকায় দুজনকে সন্দেহ

অতিরিক্ত ভাঁটার কারণে গঙ্গায় জলের নাব্যতা অস্বাভাবিক কমে বিপত্তি



শ্রেয়া আদক, হাওড়া, ১৩ ফেব্রুয়ারিঃ অতিরিক্ত ভাঁটার কারণে গঙ্গায় জলের নাব্যতা অস্বাভাবিক কমে গিয়ে ঘটলো বিপত্তি। জল সরবরাহে ব্যাপক ঘাটতি দেখা দিল হাওড়া পুরনিগম এলাকায়। গত কয়েকদিন ধরেই পুরনিগমের ডাক্তারিলা করা হচ্ছে। শুধুমাত্র ফোন করে সমস্যার কথা পুরনিগমকে জানাতে হবে। সোমবার বিকালে এক সাংবাদিক বৈঠকে পুরনিগমের মুখ্য প্রশাসক ডা.সুজয় চক্রবর্তী একথা জানান। তিনি বলেন, প্রযুক্তিগত কোনও সমস্যায় এই ঘটনা ঘটছে

গত ১৫ দিনে সুন্দরবনে ২ জন মৎস্যজীবির মৃত্যু ঘটলো

বিকল্প কর্মসংস্থান নেই কেন মৎস্যজীবীদের প্রশ্ন তুললো এপিডিআর সংগঠন

উজ্জল বন্দ্যোপাধ্যায়, কুলতলি, ১৩ ফেব্রুয়ারিঃ সুন্দরবনে বাঘের আক্রমণে মৃত্যু মিছিল অব্যাহত। এক পরিসংখ্যান থেকে জানা গেল, গত ৮ মাসে সুন্দরবনে বাঘের আক্রমণে ১১ জন আহত হন। তার মধ্যে ৯ জন মারা যায়।গত ১৫ দিনে ২ জনের মৃত্যু ঘটেছে বাঘের আক্রমণে। বিকল্প কর্মসংস্থান না থাকায় সুন্দরবনের জঙ্গলে মাছ কাঁকড়া ধরতে যাওয়ার প্রবনতা বেড়ে চলেছে। আর কলকাতা হাইকোর্টের নির্দেশের পরেও মৃত মৎস্যজীবী পরিবারেরা সরকারি ক্ষতিপূরণ পাচ্ছে না বলে অভিযোগ।

কেন সুন্দরবনের মৎস্যজীবির বিকল্প কর্মসংস্থান পাবে না সে নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। আর তাঁর মাঝেই মৃত্যু মিছিল চলছে সুন্দরবনে।এবার সুন্দরবনের কুলতলিতে বাঘের আক্রমণে মৃত্যু হল এক মৎস্য জীবির। মৃতের নাম শ্রীদাম হালদার (৪৬)। মৃত মৎস্যজীবির বাড়ি কুলতলি থানার গোপালগঞ্জ পঞ্চায়েতের গায়েনের চক গ্রামে।স্থানীয় সূত্রে জানা গিয়েছে, কুলতলির গোপালগঞ্জ গ্রাম পঞ্চায়েতের গায়েনের চকের



বাসিন্দা মৎস্যজীবী শ্রীদাম হালদার রিষজিত জানা,হ্যাসান মোল্লা, প্রদীপ সরখেলের নৌকা নিয়ে গত ৭ ই ফেব্রুয়ারী কুলতলি থেকে সুন্দরবন জঙ্গলের নদী খাঁড়িতে মাছ কাঁকড়া ধরতে গিয়েছিলেন। গত প্রায় ৬ দিন ধরে তারা সুন্দরবনের বিভিন্ন নদীখাঁড়িতে মাছ কাঁকড়া ধরছিলেন। সোমবার ভোর ৬ টা নাগাদ সুন্দরবনের নদীখাঁড়িতে মাছ কাঁকড়া ধরছিলেন। সেই সময় সুন্দরবনের গভীর জঙ্গল থেকে একটি বাঘ শ্রীদাম হালদারকে টাগেটি করতে

থাকে। এদিকে চার মৎস্যজীবী আনমনে নদীতে কাঁকড়া ধরার দ্রোণ ফেলতে ব্যস্ত। আচমকা সুন্দরবন জঙ্গল থেকে দ্রুত গতিতে বাঘ বেরিয়ে আসে। মুহূর্তে সকলের অলক্ষ্যে ঝাঁপিয়ে পড়ে শ্রীদামের ঘাড়ো। ঘাড় মটকে তাকে টানতে টানতে গভীর জঙ্গলে নিয়ে যাওয়ার চেষ্টা করে। বাঘ তার শিকার নিয়ে একটু গভীর জঙ্গলের দিকে যেতেই শ্রীদামের সঙ্গীরা বাঘের কবল থেকে শ্রীদামকে উদ্ধার করতে এগিয়ে যায়। গাছের ডাল ভেঙে বাঘের পিছু নিয়ে

তাড়া করে তাঁরা। বাঘ তাঁর শিকার ছাড়তে নারাজ। রুদ্রমূর্তি ধরে বাঘ মৎস্যজীবীদের সামনে রুখে দাঁড়ায়। দীর্ঘ প্রায় ঘন্টাকানেক চলে বাঘে মানুষের লড়াই। অবশেষে মৎস্যজীবির প্রতিরোধের মুখে পড়ে বাঘ শিকার ছেড়ে গর্জন করতে করতে পিছু হটতে থাকে। পরিস্থিতি বেগতিক বুঝে এক সময় বাঘ ভয় পেয়ে দৌড়ে সুন্দরবনে গভীর জঙ্গলে পালিয়ে যায়। আর শ্রীদামের সঙ্গী মৎস্যজীবীরা বাঘের কবল থেকে সঙ্গীকে উদ্ধার করে নৌকায় তোলেন। ততক্ষণে অতিরিক্ত রক্তক্ষরণের ফলে মৃত্যুর কোলে চলে পড়ে ওই মৎস্যজীবী। সোমবার বেলায় মৃত মৎস্যজীবির দেহ ফেরে সঙ্গী সাধীরা। মঙ্গলবার মৃতদেহটি ময়না তদন্তে পাঠানো হয় বলে পুলিশ সূত্রের জানা গেল।

অন্যদিকে মৃত মৎস্যজীবির বাড়িতে ৭০ বছরের বৃদ্ধ মা, স্ত্রী ১০ বছরের প্রতিবন্ধী এক মেয়ে ও ৭ বছরের এক মেয়ে সহ চার কন্যাসন্তান আছে। এমন মর্মান্তিক ঘটনায় হালদার পরিবার সহ সমগ্র গায়েনের চক এলাকায় নেমে এসেছে শোকের ছায়া। বন দফতর

সূত্রে জানা গিয়েছে, সুন্দরবন জঙ্গলে বাঘের আক্রমণে এক মৎস্যজীবির মৃত্যু ঘটেছে। মৃতদেহ ময়না তদন্তের জন্য পাঠানো হয় মঙ্গলবার । আর মৃত মৎস্যজীবির পরিবারের হাতে দ্রুত সরকারি ক্ষতি পুরণের টাকা তুলে দেওয়ার দাবি জানানালেন এপিডিআর সংগঠনের দক্ষিন ২৪ পরগনা জেলার সহ সম্পাদক মিটুন মন্ডল। তিনি বলেন, বারবার একই ঘটনা ঘটে চলেছে।

বিকল্প কর্মসংস্থান না থাকায় সুন্দরবনের মৎস্য জীবীরা জঙ্গলে চলে যায় রোজগারের আশায়। তাই তাদের বিকল্প কর্মসংস্থানের দিকে সরকারের নজর দেওয়ার দরকার। পাশাপাশি এদের মৃত্যুর পরে ক্ষতি পূরণ নিয়ে সরকারের টালবাহানা করলে চলবে না। দ্রুত তাদের পরিবারের হাতে ক্ষতি পূরনের টাকা তুলে দিতে হবে।

কলকাতা হাইকোর্টের রায়ের পরে কুলতলির এক মৎস্যজীবী পরিবার শান্তিবালা দেবী ছাড়া আর কেনো মৎস্যজীবী পরিবার এখনো কোনো ক্ষতিপূরন পায়নি। আর তাই দ্রুত সবার ক্ষতিপূরণের দাবি জানালাম।

বিজয়ী বয়েজ ক্লাবের পুজোয় থিমে জ্যোতির্ময়ী

দূরন্ত বার্তা, হাওড়া, ১৩ ফেব্রুয়ারিঃ থিমে জ্যোতির্ময়ী, বিজয়ী বয়েজ স্পোর্টিং ক্লাবের পুজোয়। হাওড়ার ব্যাটারার হ্রদয় কৃষ্ণ বানার্জি সেনের বিজয়ী বয়েজ স্পোর্টিং ক্লাবের এবছর ২১তম বর্ষের সরস্বতী পূজা। এদের বর্তমান বছরের থিম জ্যোতির্ময়ী। ক্লাব সদস্যরা জানান, মা সরস্বতী জ্ঞানের দেবী। জ্ঞানই হচ্ছে আলো, অর্থাৎ নলেজ ইস লাইট। এই নিয়েই আমাদের এবছরের ভাবনা। আমাদের সমাজের যে অন্ধকার বা পিছিয়ে পড়া তার একমাত্র চারিকাঠি হলো লেখাপড়া এবং জ্ঞান। সামাজিক এই অন্ধকারকে আলোর দিশা দেখাতেই থিমে তুলে ধরা হয়েছে জ্যোতির্ময়ী। পুজো উপলক্ষে এবার বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এর মধ্যে রয়েছে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান, স্বেচ্ছায় রক্তদান শিবির, গোট-টোদের, ভোগ বিতরণ সহ নানা সামাজিক কর্মসূচি। ১৪ই ফেব্রুয়ারি সরস্বতী মাতৃবন্দনা, ১৫ই ফেব্রুয়ারি রয়েছে সন্ধ্যা সাতটা থেকে সংগ প্রদর্শনে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান, ১৬ই ফেব্রুয়ারি সন্ধ্যায় মায়ের ভোগ প্রসাদ বিতরণ।

বারুইপুরে যুব ও মাদার তৃণমূলের মধ্যে গোষ্ঠীদ্বন্দ্বৈ গুলি ও চপার দিয়ে কুপিয়ে খুনের চেষ্টা, ধৃত এক

দূরন্ত বার্তা, বারুইপুর, ১৩ ফেব্রুয়ারিঃ লোকসভা ভোটের আগে দলীয় পদ নিয়ে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বে উত্তপ্ত হয়ে উঠলো বারুইপুর। যুব তৃণমূল ও মাদার তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বে চললো গুলি। গুলিতে জখম মাদার তৃণমূল কংগ্রেসের সমর্থক শহিদুল মোল্লা। ঘটনাটি ঘটেছে সোমবার সন্ধ্যায় তৃণমূলের ২৪ পরগনার বারুইপুর থানার বেলেগাছি এলাকায়। আহত শহিদুল মোল্লাকে ভর্তি করা হয়, বারুইপুর মহকুমা হাসপাতালে। মঙ্গলবার ও সে ভর্তি আছে



বেলুড় মঠ সফরে এলেন শিবরাজ সিং চৌহান

দূরন্ত বার্তা, বেলুড়, ১৩ ফেব্রুয়ারিঃ মধ্যপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান বেলুড় মঠ সফরে এলেন। মঙ্গলবার সকালে তিনি মঠে আসেন। মঠের মহারাজদের সঙ্গে সাক্ষাৎ করেন। মূল মন্দির সহ অন্যান্য মন্দির দর্শন করেন তিনি। ব্যাটারিচালিত গাড়িতে মঠ ঘুরে দেখেন প্রাক্তন মুখ্যমন্ত্রী। এদিন শিবরাজ সিং চৌহান বলেন, ছোটবেলা থেকেই স্বামী বিবেকানন্দ আমার প্রেরণা। যে ঘরে উনি শেষ দিন পর্যন্ত ছিলেন সেই ঘরে বসার সৌভাগ্য আমার হয়েছে। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি পশ্চিমবঙ্গে তৃণমূল ও বিজেপির সেটিং এর কথা সম্পূর্ণ উড়িয়ে নেন। তিনি বলেন, তৃণমূল ইন্ডিয়া জোটে আছে আর বিজেপির সঙ্গে তাদের সম্পর্ক রয়েছে এটা হতে পারে না। এটা সম্পূর্ণ ভুল ধারণা। তিনি আরও বলেন, আইন নিজের কাজ করছে। যে বেআইনি কাজ করছে তারই শাস্তি হবে। শাহজাহান প্রসঙ্গে প্রশ্নের উত্তরে তিনি বলেন, তৃণমূলের মতো দলের ছত্রছায়ায় শেখ শাহজাহানের মতো লোক এমন কাজ করে। এটা খুব দুর্ভাগ্যজনক ঘটনা। উনি এলাকায় মধ্যযুগীয় বর্বরতা দেখিয়েছেন। সারাদেশে এই ঘটনায় শিহরিত। তৃণমূল ওনাকে রক্ষা করে যাচ্ছে। এই ঘটনা অত্যন্ত নিন্দনীয়। এই ধরনের লোকেদের ছেড়ে দেওয়া উচিত নয়। ওনাকে ঝাঁচানোর প্রয়াস সেটা সফল হবেনা।

সাহিত্য সম্মেলন রিষড়ায়



বলাইচাঁদ মুখোপাধ্যায়, হুগলি, ১৩ ফেব্রুয়ারিঃ রবিবার রবীন্দ্র স্মৃতি সংসদের সূচক ব্যবস্থাপনায় রিষড়া পাঁচলোকাীতে প্রগতির কলম পত্রিকার উদ্যোগে আন্তর্জাতিক সাহিত্য সম্মেলন অনুষ্ঠিত হয় । রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত দুই শতাধিক কবি সাহিত্যিক ও সাংবাদিকদের উপস্থিতিতে সাহিত্য সভা প্রাণবন্ত হয়ে ওঠে । অনুষ্ঠানের শুরুতে সমাগত অতিথিদের উভীয় ব্যাচ স্মারক মেমোর্টো ও পুষ্পপত্রক দিয়ে সংবর্ধিত করা হয়। এর পর প্রদীপ প্রজ্জ্বলন ও উদ্বোধন সংগীতের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা হয় ।এই সাহিত্য বাসরের অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন বাংলাদেশ থেকে আগত প্রখ্যাত চিত্রশিল্পী গোলাম সাকলাইন ও প্রবীণ সাংবাদিক বরেন চক্রবর্তী, এছাড়াও অন্যান্যদের মাধ্য উপস্থিত ছিলেন এশিয়াটিক সোসাইটির সদস্য জগৎপতি সরকার, বঙ্গবন্ধু সাহিত্য একাডেমীর সভাপতি দেব নির্মল প্রমুখ। অনুষ্ঠানেপ্রগতির কলম আন্তর্জাতিক সাহিত্য পত্রিকার মোড়ক উন্মোচন হয়। স্বরচিত কবিতা পাঠে অংশগ্রহণ করেন বিত্ত মুখোপাধ্যায় বন্দনা মালিক অশোক মুখোপাধ্যায় দেব নির্মল রতন বর্মাণ প্রমুখ। অতিথিদের বক্তব্য শেষ সমাপনান্তে স্থানীয় কিশোর কিশোরীদের নাচ গান ও আবৃত্তি পরিবেশিত হয় ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় সফল প্রতিযোগীদের পুরস্কৃত করা হয়। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন মনোজকুমার বড়ুয়া ও মধুমিতা বসু। প্রগতির কলম পত্রিকার পক্ষ থেকে সম্পাদক বাদল বর্মন ও রতন বর্মাণ অনুষ্ঠানে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন ।

পাখির সংখ্যা কমছে পূর্বস্থলীর চুপির পাখিরালয়ে

দূরন্ত বার্তা, পূর্বস্থলী, ১৩ ফেব্রুয়ারিঃ পাখি সংখ্যা কমছে পূর্বস্থলীর চুপির পাখিরালয়ে বনদপ্তরের তরফে পূর্বস্থলীর চুপি পাখিরালয়ের ছাড়ি গঙ্গায় পাখি গণনায় এসে এমনই মত বনদপ্তর এর আধিকারিক এর। এদিন মঙ্গলবার সকাল থেকেই পূর্বস্থলী চুপির পাখিরালয় পাখি গণনার কাজ শুরু হয়েছে। তবে প্রথম দিকে সেই ভাবে পাখি না আসায় পর্যটকরাও বিমূখ হয়ে ফিরছিলেন। মূল কারণ হিসাবে দেখা গিয়েছিল পাখি বসার জায়গায় প্রচুর কচুরিপানার কারণেই এই সমস্যা। পাশাপাশি পরিবেশ ও অনুকূল পাচ্ছিল না পরিচয় পাখিরা। পরবর্তী সময় শীতের শেষ মুহূর্তে আরও কিছু কিছু পরিযায়ী পাখির দেখা মিললেও তা অন্যান্য বাঘের তুলনায় কম বলে জানিয়েছেন এদিন মঙ্গলবার বন দপ্তরের আধিকারিক শিবপ্রসাদ সিনহা, পাশাপাশি দিনের এই পক্ষী গননার কাজে আরো হাজির ছিলেন, বনদপ্তরের বিভিন্ন কর্মীরা ও বনবীথি নামক একটি পক্ষীপ্রেমী স্বেচ্ছাসেবী সংস্থা।



রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর অনুপ্রেরণায় কাকদ্বীপ পঞ্চায়েত সমিতির উদ্যোগে দরিদ্র মানুষদের জন্য পাট্টা বিতরণ। চারটি গ্রাম পঞ্চায়েতে ১৬২ জন দরিদ্র অসহায় মানুষের হাতে পাট্টা রেকর্ড সহ তুলে দেওয়া হল। ছবি- দূরন্ত বার্তা

চোন্দো ফুট সরস্বতী পূজার উদ্বোধন

দূরন্ত বার্তা, হুগলি, ১৩ ফেব্রুয়ারিঃ চাঁপদানী পৌরসভার ১৩নম্বর ওয়ার্ডের খুড়িগাছি, সরস্বতী জনকল্যাণ সমিতির ১৪ফুট প্রতিমার শুভ উদ্বোধন করলেন পৌরপ্রধান সূরেশ মিশ্র। উপস্থিত ছিলেন ১৩নম্বর ওয়ার্ডের কাউন্সিলর শ্রীমতি শর্মিষ্ঠা মিশ্র। প্রদীপ প্রজ্জ্বলন উত্তরীয় এবং পুষ্পপত্রক দিয়ে সম্মানীয় অতিথি বরগের মধ্য দিয়ে উদ্বোধন শুভ সূচনা হয়। উপস্থিত ছিলেন বিশেষ সমাজসেবক শ্রী সন্তোষ সিং মহাশয়। এই প্রতিযোগিতায় দূরদূরান্ত থেকে এবং এলাকার বিভিন্ন প্রান্ত থেকে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করে। এই অংকন প্রতিযোগিতাতে ছাত্র-ছাত্রী সংখ্যা ছিল ৪০০ জন। সরস্বতী সৃজনশীলতা বিদ্যা এবং জ্ঞানের দেবী হিসেবেই পূজিত সর্বত্র। বাগদেবীর পূজা উপলক্ষে এমন সৃজনশীল প্রতিযোগিতা ও আয়োজন এলাকাবাসীদের কাছে তথা অতিথিদের নজর কেড়েছে।

বারুইপুর মহকুমা হাসপাতালে। সেখানে চিকিৎসা চলছে তাঁরা। পুলিশ ঘটনাস্থল থেকে আশ্রোয়ান্ত্র উদ্ধার করে। জানা যায় যুব তৃণমূল কংগ্রেসের নেতা করিমুল্লা মোল্লা ও মাদার তৃণমূল কংগ্রেসের নেতা শরিফ উদ্দিন মোল্লার মধ্যে বিবাদের জেরে এই ঘটনা। শুধু গুলি নয় চপার দিয়ে তাকে গেরপেরায়া ভাবে কোপানোর অভিযোগ। ঘটনাস্থলে যায় বারুইপুর থানার বিশাল পুলিশ বাহিনী। পুলিশ ও স্থানীয় সূত্রে খবর সোমবার সন্ধ্যায় শহিদুল মোল্লা

যখন মাঠের কাজ সেরে বাড়ির দিকে ফিরছিলেন বাইকে চেপে টিক সেই সময় অতর্কিত পিছন থেকে গুলি মারলে গাড়ি থেকে পড়ে যাওয়ার পর তাকে চপার দিয়ে কোপানো হয়। আর এই ঘটনার জেরে একজনকে সোমবার রাতেই গ্রেফতার করেছে বারুইপুর থানার পুলিশ। মঙ্গলবার তাকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয় বারুইপুর থানার পক্ষ থেকে। গতকে নিজেদের হেফাজতে নিয়ে তদন্তের কাজ চালিয়ে যেতে চায় বারুইপুর থানার পুলিশ।

পথশ্রী ও রাস্তার কাজের সূচনা হলো শ্যামপুরের মালিগাছিতে



কারিগরি মন্ত্রী পুলক রায় , মন্ত্রী পুলক রায় তার বক্তব্যে বলেন রাস্তা হলো আমাদের আস্থা, আরো উপস্থিত ছিলেন শ্যামপুর ১নং ব্লকের বিডিও তন্ময় কাধী,হাওড়া জেলা পরিষদের অধ্যক্ষ অজয় মন্ডল ,শ্যামপুর ১নং পঞ্চায়েত খরচ হবে চার কোটি আঠাশত লক্ষ টাকা। দুটি রাস্তার কাজের সূচনা করলেন রাজ্যের জনস্বাস্থ্য ও

শান্তি বর, উপপ্রধান সেখ মহিজুদ্দিন, পঞ্চায়েত সমিতির সদস্য উত্তম প্রামানিক,পঞ্চায়েত সদস্য দীপারানী মন্ডল,ডা শান্তি গের, সদানন্দ রায়চৌধুরী, নবগ্রাম পঞ্চায়েতের প্রধান আজমবী মোল্লা, উপপ্রধান লুৎফর রহমান খান,জয়ন্ত কুমার মন্ডল,মনীন্দ্র নাথ ঢালী প্রমুখ।

বামফ্রন্টের কৃষক ও শ্রমিক সংগঠনের আইন অমান্য কর্মসূচী ঘিরে ধুকুমার



সুজিত দত্ত, বর্ধমান, ১৩ ফেব্রুয়ারি : “কয়লা খেলিগর খেলি খেলি নদীর বালি শেষ পর্যন্ত মা বোনকে খেলি, বলছে সন্দেশখালি। ফেসবুক জুড়ে এখন ছাড়িয়েছে একথা। স্মৃতি ইরানি বলছে সন্দেশখালিতে হিন্দু মহিলাদের উপর অত্যাচার করা হয়েছে। লজ্জা করে না। হিন্দু মেয়ে বলছেন। হিন্দু হোক আর মুসলমান মেয়ে হোক এখানে জাত ধর্মের প্রশ্ন নয়। যারা আক্রমণ করলো তাদেরও জাত ধর্মের প্রশ্ন নয়। যে ডেকেছে তার নাম তো উগুমবাবু, শিবুবাবু। তিনি কে? ও আক্রান্ত হিন্দু মেয়েরা হয়েছে কিন্তু যারা ডাকতেন তারা কে? শুধু শাজাহান নয়। আসলে মানুষের মধ্যে বিষ মিশিয়ে আসল ঘটনা চাপা দেওয়ার চেষ্টা চলছে।” সোমবার বর্ধমানে আইন অমান্য ও জেল ভরা আন্দোলনে সন্দেশখালি কান্ডে কেন্দ্র ও রাজ্যের শাসকদলের রাজনৈতিক অভিসন্ধির অভিযোগ তুলে তীব্র আক্রমণ করলেন সর্ব ভারতীয় কৃষক সভার রাজ্য সম্পাদক অমল হালদার। এদিন তিনি আরও বলেন , যারা তৃণমূল করেন তাদেরও বলে সত্যক হন। পাটিটার অবস্থা ভালো নয়। আমাদের বেশে নির্বাচন এলেই সংখ্যালঘু মানুষদের এন আর সি র ভয় দেখানো হয়। কারণ মমতা ব্যানার্জী শুভেন্দু অধিকারীর মধ্যে সেটিং এর ফল। মমতা বলে শুভেন্দু একবার এন আর সি এবং সি এ এ বুলি থাকে বের করো। না হলে মুসলিমদের ভয় খাওয়াতো যাবে না। আর যেই ভোট চুকে যাবে এন আর সি এবং সি এ এ চলে যাবে। তাই মনে করার কোনো কারণ নেই এই বিপদের দিনে দিদি বাচাবো। দিদি নিজের আর ভাইগো



প্রায় দীর্ঘ ৭০০ বছরের ঐতিহাসিক বিস্মৃতির অবসান ঘটিয়ে গত দু'বছর থেকে। বাংলার মাষী সংক্রান্তির ঐতিহ্যবাহী পূর্ণ ত্রিবেণী কুস্ত স্নানের পুনঃসূচনা হয়েছে আজ তার শেষ দিন। ভারতবর্ষের পূজা সপ্তমভল্লীর সারিয়ে এক ঐতিহাসিক সমাগম হয়েছে । বিভিন্ন মঠ মিশন মন্দির পূজা সন্ত মন্ডলী এর সমাগম । পরিচালনায় অখিল ভারত জয় গুরু সম্প্রদায় ওনরকর নাথ মিশন মহামিলন মঠ । পূর্ব ভারতের অন্যতম বৃহ আধ্যাত্মিক সমাবেশ এই ত্রিবেণী কুস্ত মেলায় । প্রিবেনী কুস্ত পরিচালনা সমিতির উদ্যোগে তিন দিন ধরে ,বাংলার ত্রিবেণী কুস্ত একটি বার্ষিক অনুষ্ঠান যা অনুকূস্ত নামে পরিচিত । ত্রিবেণী সঙ্গমে প্রায় ১৫ লক্ষেরও বেশি ভক্ত ছিলেন এই ত্রিবেণী কুস্তে । বাংলায় তিন নদীর সঙ্গম কে মুক্ত তেনু বলা হয় কারণ বাংলার এই সঙ্গম বহুমুখী। পবিত্র মা গঙ্গা ও এখানে প্রভাবিত অন্যদিকে স্থানীয় যমুনা বর্তমানে শুষ্ক। ও সরস্বতী উপস্থিতিতে এই সঙ্গম তৈরি হয়েছে। বলা যায় গঙ্গাসাগর মেলার পরে পূর্ব ভারতের দ্বিতীয় বৃহত্তম আধ্যাত্মিক স্নান এবং সমাবেশ দেখা যায়, এই কুস্ত মেলায়। আদিত্য ‘হৃদয় মঞ্চ’ শঙ্খ ধ্বনি সূর্য প্রণাম শায়িস্নান সাধু ভান্ডারা ও বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে পরিয়েছে গঙ্গা আরতী মাধ্যমে এবারের স্নান সমাপ্তি ঘটে । উপস্থিত ছিলেন আদ্যাপিঠের সাধারণ সম্পাদক কাম ট্রাস্টি ব্রহ্মচারী মুরাল ভাই , মহামিলন মঠের কিংকর বি ঠ্টল মহারাজ , দক্ষিণেশ্বর কালী মন্দিরের সম্পাদক শ্রী কুমল চৌধুরী আলমবাজার মঠের স্বামী সারদাস্ত্রা নন্দ মহারাজ অন্যান্য বহু মঠ মিশন মন্দির থেকে সাধু সমাজ এসেছিলেন এই ত্রিবেণী কুস্ত মেলায় । তথ্য ও ছবি সুবল সাহা

একটি নতুন ওয়ার্ল্ড স্ট্যান্ডার্ড সিলেক্টিক বাস্কেটবল কোর্ট উদ্বোধন করা হয়েছে

কলকাতা, ১৩ ফেব্রুয়ারি : দমদম মেট্রো রেলওয়ে স্টাফ কোয়ার্টার কমপ্লেক্সে আজ অর্থা ১৩.০২.২০২৪ তারিখে মেট্রো রেলওয়ের বাস্কেটবল খেলোয়াড়দের জন্য একটি নতুন বিশৃমানের বার্থেটিক বাস্কেটবল কোর্ট উদ্বোধন করা হয়েছে। মিসেস অপর্যা ঘোষ, Dy. শ্রী পি উদয় কুমার রেড্ডি, মেট্রো রেলওয়ে, কলকাতার জেনারেল ম্যানেজার এবং মেট্রো রেলওয়ের অন্যান্য উচ্চ পদস্থ আধিকারিকদের উপস্থিতিতে সেনি (ক্রীড়া ও সাধারণ) এই বিশৃমানের বাস্কেটবল কোর্টের উদ্বোধন করেছেন। শ্রী রেড্ডি এই অনুষ্ঠানটি চিহ্নিত করার জন্য এই সদ্য উদ্বোধন করা কোর্টে একটি বল বাস্কেট করেছিলেন। মেট্রো রেলওয়ের সমস্ত ক্রীড়া ব্যক্তিদের উৎসাহিত করে, শ্রী রেড্ডি তার আশা প্রকাশ করেছেন যে মেট্রো রেলওয়ের বাস্কেটবল দল এই কোর্টের উদ্বোধনের মাধ্যমে অত্যন্ত উপকৃত হবে কারণ এটি অনুশীলনের বার্থেট সুরোণ প্রদান করবে। শেষে বৃডবাজার যুব সংঘ ও মেট্রো রেলওয়ের বাস্কেটবল দলের মধ্যে একটি প্রদর্শনী ম্যাচ অনুষ্ঠিত হয়। শ্রী পি উদয় কুমার রেড্ডি, জেনারেল ম্যানেজার, মেট্রো রেলওয়ে আজ সকালে পার্ক স্ট্রিটে মোটরম্যানের ক্যাব থেকে উত্তর-দক্ষিণ মেট্রোর দমদম পর্যন্ত একটি পরিদর্শন করেছেন।

শ্রমিক কৃষক স্বার্থে শহর শিলিগুড়ির রাজপথে ১৩টি ট্রেড ইউনিয়নের সদস্যরা

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারিঃ শ্রমিক কৃষক স্বার্থে শহর শিলিগুড়ির রাজপথে ১৩ টি ট্রেড ইউনিয়নের সদস্যরা। রাজ্য এবং কেন্দ্রের বিরুদ্ধে সুর চড়িয়ে পথে চড়িয়ে আইন অমান্য কর্মসূচির ডাক দিয়ে এয়ারভিউ মোড সংলগ্ন এলাকা থেকে প্রতিবাদ



মিছিলে পথ হাটলেন ইউনিয়নের সদস্যরা। এরপর হিলকাট রোড ধরে সেবক মোড়, হাসমিচক হয়ে প্রধান ডাকঘরের সামনে পৌঁছেয় মিছিলটি। প্রধান ডাকঘরের সামনে পৌঁছোতেই পুলিশ বাধার মুখে পড়ে প্রতিবাদ মিছিল। এরপরই শুরু হয় ধনুগুণ্ঠি। পুলিশ ব্যারিকেড ভেঙ্গে গুড়িয়ে দেন আন্দোলনকারীরা। এদিনের আইন অমান্য কর্মসূচি প্রসঙ্গে নেতৃত্বর জানান, বর্তমান সময়ে কেন্দ্র ও রাজ্যের একাধিক নীতির জেরে শ্রমিক এবং কৃষক স্বার্থ অনিশ্চিত। সমস্যা ক্রমশ বাড়ছে। এই পরিস্থিতিতে শ্রম কোড বাতিলের দাবিতে সুর জোড়ালো করার পাশাপাশি রাজ্য ও কেন্দ্রের বিভিন্ন দপ্তরের শূন্য পদে শ্রমিক নিয়োগ করার দাবিতে সুর চড়ানো হয় ট্রেড ইউনিয়নগুলির তরফে। তাদের কথায় দাবি পূরণ না হলে আগামীতে আন্দোলন ক্রমশ জোড়ালো হবে।

সরস্বতী পুজোর আগে মালদার প্রতিটি বাজারে দাম বৃদ্ধি ইলিশ মাছ

মালদা, ১৩ ফেব্রুয়ারিঃ সরস্বতী



পুজোর আগে দাম বৃদ্ধি ইলিশ মাছ। মালদহের প্রতিটি বাজারে চাহিদা বেড়েছে বর্তমানে ইলিশ মাছ। কারণ সরস্বতী পুজোয় জোড়া ইলিশ অনেকে খেয়ে থাকেন। এই সময় ইলিশ মাছ পাওয়া যায় না। মূলত বরফের সংরক্ষণ করে রাখা ইলিশ বাজারে বিক্রি হয়। গত প্রায় এক সপ্তাহ আগে ইলিশ মাছের দাম কম ছিল। সরস্বতী পুজো ঠিক তিন দিন আগে বাজারের দাম বৃদ্ধি হতে শুরু করেছে। বর্তমানে বাজারে এক হাজার টাকা থেকে বারশো টাকা কেজি দরে ইলিশ মাছ পাওয়া যাচ্ছে। ছোট আকারে ইলিশের দাম ৮০০

টাকা কেজি। তবুও সাধারণ মানুষ মাছ কিনছেন। বর্ষার মরশুমের মত প্রচুর পরিমাণে ইলিশ এখন পাওয়া যাচ্ছে না। তাই সংরক্ষণ করে রাখা ইলিশ মাছের দাম প্রচুর পরিমাণে বেড়ে যাচ্ছে। আবার বড় আকারে রিলেশন মিলছে না বাজারে। ছোট আকারের ইলিশ কিনেই সন্তুষ্ট থাকতে হচ্ছে ক্রেতাদের।

ই-উত্তর বিরজাপ্তি নংঃ সি.সি. ডিই/এলএম/০৮/অব ২০২৩-২৪, তারিখঃ ০৯-০২-২০২৪। নিম্নলিখিত কাজগুলির জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে।

ক্র. নং. ১. উত্তর নংঃ ইএল/এলএম/১৩-২৪/২৯, কাজের নামঃ এসএসসি/পি/লামডিং এবং এসএসসি/পি/চাপরমুখ অধিকারের অধীন কাজের, জারীশী, অতি পুরাতন।

সম্পদে নীতিগতের জন্য স্ট্রাকচারিক কাজ এবং অন্যান্য আনুষঙ্গিক কাজ। (উত্তর মূল্যঃ ৩৩,১৩,০৩৯.২৭ টাকা, বায়ার মনঃ ১,০৬,৩০০.০০ টাকা)।

ই-টেন্ডার বন্ধ হবে ২৩-০২-২০২৪ তারিখের ১১.০০ ঘটিকা এবং খুলবে ২৩-০২-২০২৪ তারিখের ১১.৩০ ঘটিকা। উপরেই ই-টেন্ডারে টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য ২৩-০২-২০২৪ তারিখের ১১.০০ ঘটিকা পর্যন্ত www.lreps.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে।

সি.সি. ডিই/এলএম/০৮/অব ২০২৩-২৪, তারিখঃ ০৯-০২-২০২৪।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রস্তুতকৃত গ্রাহকদের সেবায়

HALDER VENTURE LIMITED
(CIN : L74210WB1992PLC035117)
Regd. Office : Diamond Heritage, 16 Strand Road, 10th Floor, Room No-1012, Kolkata, West Bengal, India, 700001.
Website: info@halderventure.in, Tel: (033) 22885556

NOTICE OF THE POSTAL BALLOT

Notice is hereby given that pursuant to the provisions of Sections 108 and 110 of the Companies Act, 2013 ("the Act") read with Rules 20 and 22 of the Companies (Management and Administration) Rules, 2014 as amended from time to time ("the Rules"), Circular No. 14/2022 dated April 13, 2020, Circular No. 33/2020 dated September 28, 2020, Circular No. 39/2020 dated December 31, 2020, Circular No. 10/2021 dated 23 June, 2021, Circular No. 20/2021 dated December 8, 2021, Circular No. 3/2022 dated May 5, 2022, Circular No. 11/2022 dated December 28, 2022, and General Circular No. 09/2023 dated September, 25, 2023, issued by the Ministry of Corporate Affairs, Government of India ("MCA") (hereinafter collectively referred to as "MCA Circulars"), Regulation 44 of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 (the "Listing Regulations") Secretarial Standard on General Meetings ("SS-2") issued by the Institute of Company Secretaries of India and other applicable laws and regulations (including any statutory modifications or re-enactments thereof), if any, Halder Venture Limited ("the Company") seeks your approval by to transact the business(es) as mentioned in the Postal Ballot Notice through remote e-voting in terms of Section 108 of the Companies Act, 2013 read with Rule 20 of the Companies (Management and Administration) Rules, 2014, as amended.

The Company has engaged the service of National Securities Depository Limited (NSDL) for this purpose. All the members are informed that: (a) the date of completion of sending of Postal Ballot Notice is 13.02.2024; (b) the remote e-voting shall commence on 14.02.2024 at 10:00 A.M.; (c) the e-voting shall end on 14.02.2024 at 5:00 P.M.; (d) the cut-off date for determining the eligibility to vote by electronic means is 09.02.2024; (e) Any person, who acquires shares of the Company and becomes a member of the Company after dispatch of the Postal Ballot Notice and holding shares as on the cut-off date i.e. 09.02.2024 may obtain the login ID and password by sending a request at evoting@nsdl.co.in. However, if a person is already registered with NSDL for remote e-voting then login ID and password can be used for casting vote; (f) Members may also note that the remote e-voting module shall be disabled by NSDL beyond 5.00 p.m. on 14.02.2024 and once the vote on a resolution is cast by the member, the member shall not be allowed to change it subsequently; (g) A person whose name is recorded in the Register of Members or in the Register of Beneficial Owners maintained by the depositories, as disclosed in the Financial Statements (FAQs) and e-voting user manual for shareholders at the download section at the said website. In case of any queries or issue regarding e-voting, members may contact NSDL, 4th Floor, A Wing, Trade World, Karamia Mills Compound, Senapati Bapat Marg, Lower Parel, Mumbai - 400 013. Email: evoting@nsdl.co.in, Tel: 022-2499 4738.

By the Order of the Board
HALDER VENTURE LIMITED
ABHISHEK PAL
COMPANY SECRETARY
ACS: 50031

Date: 13.02.2024
Place: Kolkata

SWASTIK PLYWOOD LIMITED
Regd. Office : "SHYAM TOWERS", 03-319, DH/6/11, STREET No.319, ACTION AREA-1D, KOLKATA, NEW TOWN-700156
CIN : L20291WB1985PLC038657

UN-AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND NINE MONTHS ENDED DECEMBER 31ST, 2023

Sl No	Particulars	Quarter ended 31.12.2023 Unaudited	Nine Months ended 31.12.2023 Unaudited	Quarter ended 31.12.2022 Unaudited
1	Total Income from Operations (net)	4.68	17.05	4.96
2	Net Profit/(Loss) for the period (before tax, Exceptional and /or extraordinary items)	0.88	11.61	3.90
3	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and /or Extraordinary items)	0.88	11.61	3.90
4	Net Profit/(Loss) for the period after tax(after Exceptional and /or extraordinary items)	0.88	11.61	3.90
5	Total Comprehensive Income for the period(Comprising Profit/(Loss) for the period(after tax) and other Comprehensive Income(after tax))	(6.94)	3.79	3.90
6	Equity Share Capital	24.00	24.00	24.00
7	Reserves (excluding Revaluation Reserve) as shown in the Audited Balance Sheet as on 31.03.2023			201.31
8	Earnings Per Share (of Rs.10/- each)(for continuing and discontinued operations)	a) Basic:(2.89) b)Diluted:(2.89)	a) Basic: 1.58 b)Diluted:1.58	a) Basic: 0.48 b)Diluted:0.48

Note :
The above is an extract of the detailed format of Standalone Financial Results for the quarter ended 31st December, 2023 filed with stock exchange under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulation, 2015.

For SWASTIK PLYWOOD LIMITED
sd/-
Magan Lal Patel
WTD & CFO
DIN : 00529999

Place: Kolkata
Dated: The 13th day of February,2024

দুটি বালি বোঝাই ট্রাক্টরসহ গ্রেফতার দুই ট্রাক চালক

নিজস্ব সংবাদদাতা, পূর্ব বর্ধমান, ১৩ ফেব্রুয়ারি : দ্বারকেশ্বর নদ থেকে অবৈধভাবে বালি কেটে ট্রাক্টর করে বালি পাচার করার সময় দুটি বালি বোঝাই ট্রাক্টরসহ দুজন চালককে গ্রেফতার করল খণ্ডঘোষ থানার পুলিশ মঙ্গলবার। পুলিশ সূত্রে জানা যায়, পূর্ব বর্ধমান জেলার খণ্ডঘোষ থানার অন্তর্গত রাওতারা এলাকায় দ্বারকেশ্বর নদ থেকে বেশ কিছু বালি মাফিয়া পুলিশ প্রশাসনের নজর এড়িয়ে অবৈধভাবে বালি কেটে বালি পাচার করছিল। উক্ত এলাকা থেকে অভিযোগ পাওয়ার পর রাওতারা এলাকায় দারকেশ্বর নদে হানা দিয়ে দুটি বালি বোঝাই ট্রাক্টর সহ দুজন চালককে গ্রেপ্তার করা হয়, অভিযুক্ত দুজন চালকের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলার রুজু করে তাদেরকে মঙ্গলবার বর্ধমান আদালতে পেশ করা হয় বলে পুলিশ সূত্রে জানা যায়। পুলিশ সূত্রে আরও জানা যায়, চলতি মাসের সাত তারিখ খণ্ডঘোষ থানার অন্তর্গত রাওতারা এলাকায় দারকেশ্বর নদে হানা দিয়ে একটি বালি বোঝা ট্রাক্টর-সহ ট্রাক্টর চালক- কে গ্রেফতার করা হয়েছিল এবং তার বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে তাকে বর্ধমান আদালতে পেশ করা হয়েছিল তবে সেই মামলাটি এখনো তদন্তের অবস্থায় রয়েছে।

DECILLION FINANCE LIMITED

CIN: L65999WB1995PLC067887

Regd. Off.: Jadodia Tower, 4th Floor, Room No-D-8, 3, Bentinck Street, Kolkata-700001

E-Mail: info@decillion.co.in Website: www.decillion.co.in

EXTRACT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND NINE MONTHS ENDED 31ST DECEMBER, 2023

(₹. in Lakhs)

Sl No	Particulars	Quarter Ended			Nine Months Ended		Year Ended	
		31.12.2023	30.09.2023	31.12.2022	31.12.2023	31.12.2022	31.03.2023	
		Unaudited	Unaudited	Unaudited	Unaudited	Unaudited	Audited	
1	Total Income from Operations	24.75	22.87	22.83	75.09	68.31	91.18	
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items)	13.75	14.80	13.58	41.40	38.04	-8.34	
3	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items)	13.75	14.80	13.58	41.40	38.04	-8.34	
4	Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items)	9.25	10.04	9.99	29.61	28.00	-6.17	
5	Total Comprehensive Income for the period (Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax))	9.25	8.48	9.03	31.87	1.81	98.95	
6	Equity Share Capital	350.00	350.00	350.00	350.00	350.00	350.00	
7	Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations)							
Basic & Diluted:		0.26	0.31	0.29	0.85	0.8	-0.18	

Notes:

- The above is an extract of the detailed format of the Un-Audited Financial Results for the Quarter & Nine Months ended 31st December, 2023 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (LODR) Regulations, 2015. The full format of the Quarter & Nine Months ended Financial Results is available on the Stock Exchange at www.bseindia.com & www.cse-india.com and also on the websites of the company at www.decillion.co.in.
- The above results have been reviewed by the audit committee and approved by the Board of Directors at their meeting held on 13th February, 2024.

For Decillion Finance Limited

Sd/-
Jitendra Kumar Goyal
Managing Director
DIN: 00468744

Place : Kolkata

Dated :13.02.2024

অ্যালিয়েস উদ্যোগ লিমিটেড
১৮, নেতাঞ্জি স্ট্রাস রোড, কলকাতা-৭০০০০১, ফোনঃ ২২৩০৯০৯৫, ই-মেইলঃ allianceuriyoggmail.com পিসিআইনঃ এলএ১০১০০৩জিবি১৮৯এসিএলসি০০১০২১

৩১শে ডিসেম্বর, ২০২৩-এ শেষ হওয়া ত্রৈমাসিকের জন্য স্বতন্ত্র অনিয়মিত আর্থিক ফলাফলের বিবৃতি

(টাকা লক্ষে)									
বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত		আজ পর্যন্ত		বার্ষিক সমাপ্তি				
	৩১.১২.২০২৩	৩১.১২.২০২২	৩১.১২.২০২৩	৩১.১২.২০২২	৩১.১২.২০২৩	৩১.১২.২০২২			
	অনিয়মিত	অনিয়মিত	অনিয়মিত	অনিয়মিত	অনিয়মিত	অনিয়মিত			
১. অপারেশন থেকে প্রাপ্ত আয়	৪৮৮৫.৪৪	৪৮৩০.৪০	৪৮৩৫.৪০	১৫৪১৬.৩০	১২৪১৬.৩০	১২৪১৬.৩০			
২. সময়ের জন্য দাঁট লাগ / (লোকসান) টাকার / অথবা ব্যতিক্রমী আয়(টাকা)	৫৫১৪.৪৭	৬৮১৪.৪৬	১১৫১৮.৫৩	২০৫৪৪.০০	১৩৫১৮.৮৮	১৩৫১৮.৮৮			
৩. নিট লাভ / (লোকসান) (সময়ের পরে) (ব্যতিক্রমী আয়(টাকা) টাকার পরে)	৫৫১৪.৪৭	৬৮১৪.৪৬	১১৫১৮.৫৩	২০৫৪৪.০০	১৩৫১৮.৮৮	১৩৫১৮.৮৮			
৪. নিট লাভ / (লোকসান) টাকার পরে (ব্যতিক্রমী আয়(টাকা) টাকার পরে)	৫৫০৭.১৬	৬৮১৪.৪৬	১১৫০৮.৬৩	২০৫৪৪.০০	১৩৪৯৪.৫২	১৩৪৯৪.৫২			
৫. সময়ের জন্য দাঁট ব্যাপক আয় [এই সময়ের জন্য লাভ / (লোকসান) সম্বন্ধিত (বের পকে) এবং অন্যান্য ব্যাপক আয় (টাকার পরে)]	১৭০৬৫.১০	৮০৮৮.৬৩	৫৫৩৭৫.৫৭	১৫৬০০.১৩	৫৮১৬৬.৬৬	৫৮১৬৬.৬৬			
৬. পরিশোধিত ইকুইটি শেয়ার মুদ্রান (মাসেগো মোদার সহ)	৬০০০	৬০০০	৬০০০	৬০০০	৬০০০	৬০০০			
৭. পূর্ববর্তী বছরের ব্যালেন্স শীট দেখানো হিসাবে পুনর্মূল্যায়ন বিমার্জ	৫২৭১৫০.৬৬	৬৮৭১,১২৮.২৯	৫২৭১৫০.৬৬	৫২৭১৫০.৬৬	৫২৭১৫০.৬৬	৫২৭১৫০.৬৬			
৮. মোদার প্রতি আয় (প্রতিটি ১০ টাকা)	৯.১৮	৬.৬৬	৯.১৯	৬৪.৫৭	৯.১২	৬৪.৫৭			
৯. চরমান এবং বন্ধ অপারেশনের জন্য (ক) সৌদিক (খ) মিশ্রিত	৯.১৮	৬.৬৬	৯.১৯	৬৪.৫৭	৯.১২	৬৪.৫৭			

বিশদঃ ক) উপরেবর্তী এসইআই (আর্থিককরণ এবং অন্যান্য প্রকাশের প্রয়োজনীয়তা) পরিধান, ২০১৫ এর অধীনে স্টক এক্সচেঞ্জ সহ ত্রৈমাসিক স্বতন্ত্র আর্থিক ফলাফল কেন্দ্রের বিশদ বিন্যাসের একটি নির্বাণ। ত্রৈমাসিক স্বতন্ত্র আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিন্যাস এখানে উপলব্ধ কলকাতা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে (www.csindia.com) এবং কোম্পানির ওয়েবসাইটে (

ধোনিকে সরিয়ে বিরাটকে ক্যাপ্টেন বানাবার ছক যে ভাবে কষেছিলেন শাস্ত্রী

দুরন্ত বার্তা প্রতিবেদন

রবি শাস্ত্রী ও বিরাট কোহলির কোচ-ক্যাপ্টেন জুটি নিয়ে যত বলাই হয় ততই কম। শাস্ত্রীর প্রিয় ছাত্র ছিলেন কোহলি। যে কারণে মহেন্দ্র সিং ধোনি যখন ভারতের অধিনায়ক ছিলেন, সেই সময় থেকেই রবি শাস্ত্রীর নজর ছিল বিরাটের দিকে। ৮৬-র বিশ্বজয়ী ক্রিকেটার রবি শাস্ত্রী চাইতেন বিরাট কোহলি থেকে ভারতের ক্যাপ্টেন। কারণ তিনি সেই সময় বিরাটের মধ্যে হিরের বলক দেখতে পেয়েছিলেন। ধোনির সঙ্গে কোচ হিসেবে এক মাস কাজ করার পরই রবি শাস্ত্রী নতুন কাউকে অধিনায়ক বানানোর ভাবনা শুরু করেছিলেন। সম্প্রতি এ নিয়ে তিনি নিজেই জানিয়েছেন। টিম ইন্ডিয়ায় প্রাক্তন হেডস্যার রবি শাস্ত্রী দলের কোচ থাকাকালীন ক্যাপ্টেন ধোনির মসনদে অভিষেক হয়েছিল বিরাট কোহলির। রবি শাস্ত্রীর কথায়, “ওই

সময় দলে একাধিক দারুণ ক্রিকেটার ছিল। আর আমি চেয়েছিলাম ব্যক্তিগত দক্ষতাকে দলগত দক্ষতায় পরিবর্তন করতে। আমি সব সময় ম্যাচ জিততে চাই।



এবং টেস্ট ক্রিকেটকে সব থেকে বেশি গুরুত্ব দিতাম। সেই সময় বিরাট কোহলির মধ্যে একটা না কাটা হিরে আমি দেখতে পেয়েছিলাম। যখন আমার অধিনায়ক ছিল মহেন্দ্র সিংহ ধোনি। তখন আমার নজর থাকত

কোহলির দিকে। কোচ হিসেবে দ্বিতীয় মাসের শুরুতেই আমি কোহলিকে বলে দিয়েছিলাম, যে আমি কিছুটা সময় নেব এবং সব কিছু দেখব। আর তুমি নেতৃত্বের দায়িত্ব নিও।”

ওর এই বিষয়টাই আমার ক্রিকেট ভাবনার সঙ্গে দারুণ মিলত। তাই অস্ট্রেলিয়া বা পাকিস্তানের বিরুদ্ধে খেলা হলে অভিযোগ করার বা অজুহাত দেওয়ার কোনও সুযোগ থাকে না। ও আগের অধিনায়কদের মতো শক্তিশালী জোরে বোলিং আক্রমণ গড়ে তোলার কথা ভাবত। আমরা ওর এই ভাবনা ও তা বাস্তবায়িত করার ফলও পেয়েছিলাম। অস্ট্রেলিয়ায় পর পর টেস্ট সিরিজ জিতেছিলাম আমরা। এবং ইংল্যান্ডে গিয়ে পাঁচ টেস্টের সিরিজ ড্র করেছিলাম।” ধোনির পর ভারতের তিন ফর্ম্যাটের ক্যাপ্টেন হয়েছিলেন। তিনি এখন দেশের প্রাক্তন অধিনায়ক। বিরাট কোহলি নেতৃত্ব থেকে সরে দাঁড়ানোর পর রোহিত শর্মাকে আন্তর্জাতিক ক্রিকেটের তিন ফর্ম্যাটের ক্যাপ্টেন বানানো হয়েছিল। অশ্বাশ্ব এরপর একাধিক বার রোহিতের অনুপস্থিতিতে টিম ইন্ডিয়ার অন্যান্য ক্রিকেটাররা দলকে নেতৃত্ব দিয়েছেন।



পাঁচ ম্যাচের সিরিজ। সময়টাও অনেক। দীর্ঘ সিরিজের মাঝে দীর্ঘ বিরতি। হায়দরাবাদ, বিশাখাপত্তনমের পর এ বার রাজকোট। বৃহস্পতিবার শুরু তৃতীয় টেস্ট। তারই প্রস্তুতি শুরু করে দিলেন ভারত ও ইংল্যান্ড ক্রিকেটাররা। সিরিজ এখন সমতায়। বাকি তিন ম্যাচের ফলের উপরই সিরিজ নির্ণয় হবে। হায়দরাবাদ টেস্ট জিতেছিল ইংল্যান্ড। লিড দীর্ঘস্থায়ী হয়নি। বিশাখাপত্তনমে সমতা ফিরিয়েছে ভারত।

খেলতে খেলতে বাজ পড়ে মাঠেই মৃত্যু ইন্দোনেশিয়ায়



জাভা, ১৩ ফেব্রুয়ারি: দুর্ঘটনার কবলে পড়ে অনেক সময় মারা যান প্রেশাররা। মাঠেও এমন ঘটনা কম নেই। ফুটবল খেলতে খেলতে মারা যাওয়ার উদাহরণ প্রচুর রয়েছে। কিন্তু এ ভাবে কখনও কেউ মারা গিয়েছেন কিনা, বলা মুশকিল। ইন্দোনেশিয়ার ফুটবলে এমনই দুঃখজনক ঘটনা ঘটেছে। এফসি বান্দুং বনাম

এফবিআই সুবাংয়ের ফ্রেন্ডলি ম্যাচ ছিল। তা খেলতে গিয়েই বাজ পড়ে মারা গেলেন ৩৫ বছরের এক ফুটবলার। অনেক সময় ঝড়-বৃষ্টিতে গাছের তলায় আশ্রয় নেওয়ার জন্য বাজ পড়ে মারা যাওয়ার খবর শোনা গিয়েছে। ফ্রেন্ডলি ম্যাচ খেলতে গিয়েছে এ ভাবে মারা যাওয়ার খবর চট করে শোনা যায় না। ইন্দোনেশিয়ায় কিন্তু এমন ঘটনা নতুন নয়। এর আগেও ঘটেছে সেমান থেকে কেন শিক্ষা নেয়নি তারা? কী ভাবে ঘটল ওই ঘটনা? পশ্চিম জাবার সিলিগুয়াংগি স্টেডিয়ামে খেলা চলছিল। সুবাংয়ের ৩৫ বছরের ফুটবলার সেপ্টিয়ান রাহাজা বাজ পড়ে মারা যান। ঘটনার পর ওই ফুটবলার নৈতে ছিলেন কিছুক্ষণ। শ্বাসপ্রশ্বাসও পড়ছিল। সঙ্গে সঙ্গে তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু সারা শরীর পুড়ে যাওয়ার কারণে সেপ্টিয়ানকে আর বাঁচানো যায়নি। আরহাওয়া খারাপ থাকলে, প্রবল বৃষ্টি পড়লে রেফারি সাধারণত খেলা থামিয়ে দেন দুই ক্লাবের সঙ্গে কথা বলে। সারা বিশ্বেই এমনটা দেখা যায়। কিন্তু ইন্দোনেশিয়ার ওই ফ্রেন্ডলি ম্যাচের সময় তা হয়নি কেন, এ নিয়ে প্রশ্ন উঠছে। এক বছরের মধ্যে মাঠে বাজ পড়ে ফুটবলার মারা যাওয়ার ঘটনা ইন্দোনেশিয়ায় এ নিয়ে দ্বিতীয় বার ঘটল। সেপ্টিকের মৃত্যুতে গভীর শোকের ছায়া ইন্দোনেশিয়ান ফুটবলে। বয়স ৩৫ হয়েছিল চিকিৎসা, কিন্তু খেলতে গিয়ে এ ভাবে মারা যাওয়ার ঘটনা কেউই মেনে নিতে পারছেন না। ইন্দোনেশিয়ার ফুটবল সংস্থা এ নিয়ে কড়া হত চাইছে।

মেসি অলিম্পিকে খেললে তাঁকে অধিনায়কত্ব দিতে চান আলমাদা



বুয়েনস আইরেস, ১৩ ফেব্রুয়ারি: খাদের কিনারা থেকে ঘুরে দাঁড়িয়ে প্যারিস অলিম্পিকের টিকিট নিশ্চিত করেছে আর্জেন্টিনা। বাঁচা-মারার ম্যাচে চিরপ্রতিদ্বন্দ্বী ব্রাজিলকে ১-০ গোলে হারিয়েছে তারা। অলিম্পিক টিকিট নিশ্চিতের পর স্বাভাবিকভাবেই সামনে এসেছে প্যারিস অলিম্পিকে লিওনেল মেসির খেলা নিয়েও। বিশ্বকাপজয়ী আর্জেন্টাইন অধিনায়কেরও অলিম্পিকে খেলার আগ্রহ আছে বলে আগেই জানিয়েছিল আর্জেন্টিনার সংবাদমাধ্যম। দেশটির অনূর্ধ্ব-২৩ দলের কোচ হ্যাভিয়ের মাতেরোনাকে জিজ্ঞাসা করা হয়েছিল, তিনি মেসিকে দলে চান কি না। উত্তরে তিনি বলেন, “অবশ্যই চাই।” মেসিকে অলিম্পিক দলে পাওয়াটা স্বপ্ন পূরণের মতো হবে বলে মন্তব্য করেছেন অনূর্ধ্ব ২৩ দলের অধিনায়ক থিয়ালো আলমাদাও। এমনকি মেসি দলে এলে তিনি অধিনায়কত্বের আর্মব্যান্ড নিয়ে দিতে রাজি আছেন বলে জানিয়েছেন। প্যারিসের টিকিট নিশ্চিত করার পর ডিস্পেন্সারকে দেওয়া এক সাক্ষাৎকারে আলমাদা বলেন, “দল এবং কোচিং স্টাফদের জন্য আমি খুবই আনন্দিত, এটা তাদের প্রাপ্য। টুর্নামেন্টজুড়ে দেখিয়েছি যে দল হিসেবে আমরা ভালো ছিলাম। সব সময় প্রতিপক্ষকে ছাড়িয়ে গেছি। আমাদের অনুশীলনের জন্য এবং অলিম্পিকে ভালো করার জন্য যথেষ্ট সময় হাতে আছে।” এই সময় মেসিকে দলে পাওয়া নিয়ে আলমাদা বলেন, “আমি আশা করি, মেসিরও ইচ্ছা আছে এবং অলিম্পিক গেমসে তিনি থাকতে চাইবেন। এটা স্বপ্ন পূরণের মতো হবে। যদি মেসি আসেন, তবে আমি অবশ্যই অধিনায়কের আর্মব্যান্ড দিয়ে দেব। এখন তাঁর সিদ্ধান্ত জানার অপেক্ষা।” অলিম্পিক ফুটবলে খেলে অনূর্ধ্ব-২৩ দল, তবে কোনও কোচ চাইলে সেই দলে ২৬-এর বেশি বয়সী তিনজন খেলোয়াড়ও রাখতে পারেন। আর্জেন্টিনায় সেই তিনজনের দুজন হতে পারেন মেসি ও আনহেল দি মারিয়া। দি মারিয়া অবশ্য আগেই বলে দিয়েছেন, কোপা আমেরিকা শেষে তিনি আর্জেন্টিনা জাতীয় দলকে বিদায় জানিয়ে দেবেন। তবে বয়সভিত্তিক দলের কোচ মাতেরোনো তাঁর প্রাক্তন দুই সতীর্থ মেসি ও দি মারিয়াকে অলিম্পিকে খেলানোর ব্যাপারে ইতিবাচক, “আমি লিও আর আনহেলের সঙ্গে কথা বলেছি। আমি যেটা (খবর) পড়েছি যে কোপা আমেরিকার পর আর তারা খেলবে না। তারা কী চায়, সেই সিদ্ধান্ত নেওয়ার অধিকার তাদের আছে। কিন্তু আমরা নিশ্চিত করেই তাদের দলে রাখতে চাই।”

আগুন নিয়ে খেলা করেন, রঞ্জির এক ইনিংসে ৯ উইকেট হাওড়ার ছেলে আকাশের

সুরাট, ১৩ ফেব্রুয়ারি: রঞ্জি ট্রফির চলতি মরসুমে এক এক ম্যাচে একাধিক চমক দেখা যাচ্ছে। এই চমকের তালিকা যেন শেষ হতেই চায় না। সেখুরি, ডাবল সেখুরি, হ্যাটট্রিক, চার বলে ৪ উইকেট, ফাইফার তো রয়েছে। সঙ্গে রয়েছে ৯ উইকেট নিয়ে দলকে জেতানোর মতো ঘটনাও। এ বার গোয়াকে যন্ত্র সহকারে একাই তছনছ করলেন হাওড়ার ছেলে আকাশ পাণ্ডে। সুরাটের লালভাই কট্টারিগি টেডিয়ামে গোয়ার বিরুদ্ধে এলিট-সি গ্রুপে রেলওয়েজের হয়ে আকাশ এক ইনিংসে ৯টি উইকেট নিয়েছেন। ২০১৯ সাল থেকে কলকাতা মেট্রো রেলের ফায়ার ডিপার্টমেন্টে কাজ করেন হাওড়ার ছেলে আকাশ। তিনি বাঁ হাতি স্পিনার। অতীতে বাংলা দলের হয়ে অনূর্ধ্ব-১৯ ও অনূর্ধ্ব-২৩ টুর্নামেন্টেও খেলেছেন আকাশ পাণ্ডে। গোয়ার বিরুদ্ধে দ্বিতীয় ইনিংসে ২৬.২ ওভার বল করে ৫টি মেডেন সহ ৭১ রান দিয়ে ৯ উইকেট সাবাড় করেন আকাশ পাণ্ডে। তাঁর এই আগুন বেলিয়ারের সুবাদে রেলওয়েজ গোয়াকে ৬৩ রানে হারিয়েছে। প্রথম ইনিংসেও উজ্জ্বল ছিলেন আকাশ পাণ্ডে। ম্যাচের প্রসঙ্গে বলতে গেলে টস জিতে গোয়া প্রথমে ব্যাটিংয়ে পাঠায় রেলওয়েজকে। ওপেনার এসএ আছজার ৮১ রান, উপেন্দ্র যাদবের ৯১ রানের সুবাদে প্রথম ইনিংসে ২৯৭ রানে গুটিয়ে যায় রেলওয়েজ। এরপর গোয়া প্রথম ইনিংসে তোলে ২০০ রান। ২৬ ওভার বল করে ৬টি মেডেনসহ ৪ উইকেট তুলে নেন আকাশ। প্রথম ইনিংসে ব্যাট হাতে ২৬ রান করেন তিনি। এরপর দ্বিতীয় ইনিংসে মোহিত-লক্ষ্যদের দাপটে ২০৮ রানে গুটিয়ে যায় রেলওয়েজ। বাস এরপর রেলওয়েজকে জেতানোর দায়িত্ব কাঁধে তুলে নেন হাওড়ার আকাশ। ম্যাচের সেরার পুরস্কারও পেয়েছেন তিনি। এলিট সি গ্রুপের চার নম্বরে রয়েছে রেলওয়েজ। আকাশদের এখনও অবশিষ্ট ৬ ম্যাচে ১৮ পয়েন্ট রয়েছে।



বিরাট নেই, এই সুযোগে টেস্ট সিরিজ জিতে নাও স্টোকসদের বার্তা স্টুয়ার্ট ব্রডের

সিডনি, ১৩ ফেব্রুয়ারি: বিরাট কোহলি যে দলের বিরুদ্ধে খেলেন না, সেই টিমের ক্রিকেটাররা যেন প্রথমেই খানিকটা স্বস্তি নিয়ে মাঠে নামেন। ভারতের মাটিতে ইংল্যান্ড সিরিজ বিরাট কোহলির না থাকাটা টিম ইন্ডিয়ায়তো বটেই, বিশ্ব ক্রিকেটের জন্যও বড় ধাক্কা। এমন কথা আগে বলেছিলেন ইংল্যান্ডের প্রাক্তন অধিনায়ক নাসের হুসেন। এ বার এক প্রাক্তন ইংল্যান্ডের ক্রিকেটার বেন স্টোকসদের উদ্দেশ্য বার্তা দিলেন, বিরাট কোহলি নেই, এই সুযোগে টেস্ট সিরিজ জিতে নাও। ইংলিশ ট্রিগেডকে কে

বললেন এ কথা? এসএ২০ লিগে ধারাবাহিকতার ভূমিকায় দেখা যাচ্ছে ইংল্যান্ডের প্রাক্তন পেসার স্টুয়ার্ট ব্রডকে। সেখানেই তিনি সবাবদসংস্থা পিটিংআইকে জানিয়েছেন, ভারতের মাটিতে ইংল্যান্ডের বিরুদ্ধে চলতি টেস্ট সিরিজে বিরাট কোহলি না থাকলেও প্রথম দুটো টেস্ট আকর্ষণীয় হয়েছে। তিনি বলেন, “সিরিজের প্রথম দুটো ম্যাচ বেশ প্রতিযোগিতামূলক হয়েছে। আমার দেখা ভারত-ইংল্যান্ড টেস্ট সিরিজ গুলোর মধ্যে অন্যতম রোমাঞ্চকর এই সিরিজ। দারুণ উত্তেজক একটা সিরিজ। ভারত

কবে ফিরছেন ঋষভ পন্থ?

বেঙ্গালুরু, ১৩ ফেব্রুয়ারি: আইপিএল শুরুর দিন এখনও ঘোষণা করেনি ভারতীয় ক্রিকেট বোর্ড। মনে করা হচ্ছে, মার্চের তৃতীয় বা চতুর্থ সপ্তাহে শুরু হতে পারে প্রতিযোগিতা। ভারতীয় ক্রিকেটপ্রেমীদের আগ্রহ এক জন ক্রিকেটারকে নিয়ে। তিনি ঋষভ পন্থ। উইকেটরক্ষক-ব্যাটার কি আইপিএলে মাঠে ফিরতে পারবেন? নিজের এমনকার পরিস্থিতির কথা ভক্তদের জানিয়েছেন পন্থ। ২০২২ সালের ৬০ ডিসেম্বর গাড়ি দুর্ঘটনার পর থেকে মাঠের বাইরে পন্থ। চোট সারিয়ে বেঙ্গালুরুর জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে (এনসিএ) অনুশীলন শুরু করেছেন কিছু দিন আগে। ম্যাচ খেলার মতো এখনও ফিট নন। তা হলে কি আইপিএল খেলতে পারবেন? পন্থের মাঠে ফেরা নিয়ে কিছু জানায়নি ভারতীয় ক্রিকেট বোর্ড। পন্থ নিজে অবশ্য আশাবাদী। এনসিএ সুত্রে জানা গিয়েছে, ব্যাটিং করতে সমস্যা হচ্ছে না পন্থের। উইকেট রক্ষা করার মতো ফিটনেস এখনও ফিরে পাননি। স্বাভাবিক ভাবে হাটতে পারলেও দৌড়নোর ক্ষেত্রে সমস্যা রয়েছে। মঙ্গলবার সমাজমাধ্যমে পন্থ একটি ভিডিও পোস্ট করেছেন। যা আশাবাদী করতে পারে ক্রিকেটপ্রেমীদের। দ্রুত প্রতিযোগিতামূলক ক্রিকেটে ফেরার আশায় পন্থ। সমাজমাধ্যমে তাঁর দৌড় দেখে আশাবাদী হতে পারেন ক্রিকেটপ্রেমীরাও। তাঁর আইপিএল ত্র্যম্বকজি দিল্লি ক্যাপিটালস কর্তৃকসেলে মুখে হাসি ফোটতে পারে দৌড়ের দ্যুটি।

ভারতের সবচেয়ে বয়স্ক ক্রিকেটার দত্তাজিরাও প্রয়াত

বরোদা, ১৩ ফেব্রুয়ারি: ১৯৫২ সালে ভারতের হয়ে টেস্ট অভিষেক হয়েছিল তাঁর। স্বাধীন দেশের প্রথম প্রজন্মের ক্রিকেটার ছিলেন। খেলেছিলেন মোট ১১টা টেস্ট। সব মিলিয়ে করেছিলেন ৬৫৫ রানও। গড় ১৮.৪২। শুধু তাই নয়, টেস্টে ভারতের অধিনায়কত্বও করেছেন। এতদিন দেশের সবচেয়ে বয়স্ক ক্রিকেটার হিসেবে পরিচিত ছিলেন তিনি। কিন্তু সেখুরি হল না। ৯৫ বছর বয়সে মারা গেলেন দত্তাজিরাও গায়কোয়াড়া বরোদায় প্রয়াত হয়েছেন প্রবীণতম ক্রিকেটার। সদাহাস্য মানুষের প্রয়াণে শোকের ছায়া ভারতীয় ক্রিকেট মহলে। ১৯৫২ সাল থেকে ১৯৬১ সাল পর্যন্ত দেশের হয়ে টেস্ট খেলার সুযোগ পেয়েছিলেন। দুরন্ত ডিফেন্সের সঙ্গে চমৎকার কভার ড্রাইভ মারতেন। মূলত ওপেনিং ব্যাটসম্যান হলেও ভারতের হয়ে মিতাল অর্ডারেই বেশি খেলেছেন। কিন্তু সে ভাবে ছাপ রাখতে পারেননি। ১৯৫২ সালে ইংল্যান্ড সফরে

ভিডিয়ো পোস্ট করে বিভ্রান্ত করেছেন? মহাবিতর্কে রাহুল

মুম্বই, ১৩ ফেব্রুয়ারি: চোট জেরবার ভারতীয় শিবির। একাধিক ভারতীয় ক্রিকেটারের বর্তমান ঠিকানা এনসিএ। কয়েকজন ক্রিকেটার রয়েছেন পৃথ্বী শ, রবীন্দ্র জাডেজার মতো। যারা আবার ফিট হয়ে বেঙ্গালুরুর জাতীয় ক্রিকেট অ্যাকাডেমি থেকে বেরিয়ে ঘরোয়া ক্রিকেটে এবং জাতীয় দলে ফিরেছেন। অন্যদিকে টিম ইন্ডিয়ার তারকা লোকেশ রাহুল এখনও পুরোপুরি ফিট হয়ে উঠতে পারেননি। হঠাৎ করেই এনসিএর ভূমিকা এবং বোর্ডের উপর প্রশ্ন তুলেছেন অনেকেই। কারণ একটাই। ইংল্যান্ডের বিরুদ্ধে শেষ ৬টে টেস্টের জন্য ভারতীয় স্কোয়াড ঘোষণার ২দিন পর কেন রাহুল পুরো ফিট নন বলে জানাল বিসিসিআই। এরই মাঝে রাহুল নিজেও ব্যাটিং অনুশীলনের ভিডিও শেয়ার করে বিতর্ক বাড়িয়েছেন। রবিবার দুপুরে ইন্সটাগ্রামে টিম ইন্ডিয়ার মিতাল অর্ডারের তারকা ক্রিকেটার লোকেশ রাহুল বেঙ্গালুরুর এনসিএর নেটে নিজের ব্যাটিং অনুশীলনের এক ভিডিও শেয়ার করেছিলেন। যেখানে দেখা গিয়েছিল তিনি সাবলীল ব্যাটিং করছেন। তার চিক পরের দিনই, অর্থাৎ সোমবার রাতে বোর্ডের মেডিকেল টিমের পক্ষ থেকে জানিয়ে দেওয়া হয় লোকেশ রাহুল ১০০ শতাংশ ফিট নন। বিসিসিআই বিবৃতিতে জানায়, রাহুল ৯০ শতাংশ ম্যাচ ফিট হয়েছেন। রাজকোটে হতে চলা তৃতীয় টেস্ট থেকে তিনি ছিটকে গেলেন। তিনি বিসিসিআইয়ের মেডিকেল টিমের তত্ত্বাবধানেই থাকবেন। নাম প্রকাশে অনিচ্ছুক বোর্ডের এক কর্তা সংবাদসংস্থা পিটিংআইকে জানিয়েছে, রাহুল যে ম্যাচ ফিট সেটা বিসিসিআইয়ের মেডিকেল টিমও নিশ্চিত নয়। তাঁর কথায়, কেএল রাহুল এখনও রাজকোটে রিপার করছেন। রবীন্দ্র জাডেজা অবশ্য টিমের সঙ্গে যোগ দিয়েছেন। বোর্ডের ওই কর্তা প্রশ্ন তুলেছেন, বিসিসিআইয়ের মেডিকেল টিম প্রথম থেকেই যদি রাহুলের চোটের অবস্থা সম্পর্কে জানত, তা হলে তাঁকে কেন অস্থায়ী ভাবে টিমে রাখা হল? আর রাহুলই বা



কেন নেটে নিজের ব্যাটিংয়ের ভিডিও পোস্ট করে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন? পুরো বিষয়টায় বোর্ডের ভূমিকা নিয়েও প্রশ্ন উঠছে। বেন স্টোকসদের বিরুদ্ধে শেষ তিন টেস্টের জন্য ভারতের টিম ঘোষণা হওয়ার সময় বোর্ডের থেকে জানানো হয়েছিল, রবীন্দ্র জাডেজা ও লোকেশ রাহুল ম্যাচ ফিট হলে খেলতে পারবেন। পরবর্তীতে জানানো হয় জাডেজা ফিটনেস টেস্টে পাস করেছেন। কিন্তু রাহুল করেননি। এ বার প্রশ্ন টিম ঘোষণার আগে কেন দুই ক্রিকেটারের ফিটনেস টেস্ট নেওয়া হয়নি? এনসিএর ভূমিকা নিয়েও প্রশ্ন উঠছে। একাধিক ক্রিকেটার বারবার চোট নিয়ে জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে যাচ্ছেন, তাঁদের সেখান থেকে রিলিজ করায় কি ফাঁকফোকর থেকে যাচ্ছে। উঠছে সেই প্রশ্নও।

ভারতের সবচেয়ে বয়স্ক ক্রিকেটার দত্তাজিরাও প্রয়াত


অভিষেক হয়েছিল ভারতের হয়ে। আরও একবার ইংল্যান্ড এবং ওয়েস্ট ইন্ডিজ সফর করেছিলেন। ঘরের মাঠে পাকিস্তানের বিরুদ্ধেও খেলেছিলেন।



কিন্তু টিম থেকে বারবার বাদ পড়ার কারণে আত্মবিশ্বাস তলানিতে চলে যাওয়ায় পারফরম্যান্সে ছাপ পড়ে। দুরন্ত ফিল্ডার হিসেবে পরিচিত ছিলেন ক্রিকেট মহলে। ১৯৫৯ সালে ইংল্যান্ড সফরে ভারতের ক্যাপ্টেন নির্বাচিত হয়েছিলেন। নেতা হিসেবেও নিজেকে প্রমাণ

করতে পারেননি। পাঁচ টেস্টের সিরিজ ০-৫ হেরেছিল ভারত। ওই সফরে প্রথম শ্রেণির ম্যাচও খেলেছিল ভারত। সেই সব ম্যাচেও শোচনীয় হার হয়েছিল ভারতীয় টিমের। কিন্তু দত্তাজিরাও ব্যাট হাতে চমৎকার পারফর্ম করেছিলেন। পুরো সফরে তাঁর ব্যাট থেকে এসেছিল ১১৭৪ রান। গড় ৩৪.৫২। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে দিল্লি টেস্টে ৫২ করেছিলেন, যা ছিল তার সর্বোচ্চ রান। জাতীয় টিমের হয়ে তেমন সাফল্য না পেলেও ঘরোয়া ক্রিকেটে মহীরুহ ছিলেন। বরোদার হয়ে খেলতে নেমে কখনও নিরাশ করেননি। ১৯৪৭ থেকে ১৯৬১ সালের মধ্যে ১১০টা ম্যাচ খেলেছেন। ১৭২ ইনিংসে ৫৭৮৮ রান করেছেন। মহারাষ্ট্রের বিরুদ্ধে ২৪৯ নট আউট ছিল সর্বোচ্চ। রঞ্জিতে আরও দুটো ডাবল সেখুরি ছিল তাঁর। মোট ১৭টা সেখুরি ও ২৬টা হাফসেখুরি করেছেন দত্তাজিরাও। তাঁর প্রয়াণে শোকবার্তা প্রকাশ করেছেন ক্রিকেট মহলের তারকারা।

বললেন এ কথা? এসএ২০ লিগে ধারাবাহিকতার ভূমিকায় দেখা যাচ্ছে ইংল্যান্ডের প্রাক্তন পেসার স্টুয়ার্ট ব্রডকে। সেখানেই তিনি সবাবদসংস্থা পিটিংআইকে জানিয়েছেন, ভারতের মাটিতে ইংল্যান্ডের বিরুদ্ধে চলতি টেস্ট সিরিজে বিরাট কোহলি না থাকলেও প্রথম দুটো টেস্ট আকর্ষণীয় হয়েছে। তিনি বলেন, “সিরিজের প্রথম দুটো ম্যাচ বেশ প্রতিযোগিতামূলক হয়েছে। আমার দেখা ভারত-ইংল্যান্ড টেস্ট সিরিজ গুলোর মধ্যে অন্যতম রোমাঞ্চকর এই সিরিজ। দারুণ উত্তেজক একটা সিরিজ। ভারত



শেষ টেস্ট ম্যাচটা জিতেছে কিন্তু ইংল্যান্ডের খেলার ধরণ (বাজবল)

ভারতের মাটিতে কার্যকর হচ্ছে। বিরাট কোহলি নেই, ইংল্যান্ড টিমের কাছে তাই দারুণ সুযোগ রয়েছে এই টেস্ট সিরিজটা জেতার।” ইংল্যান্ডের প্রাক্তন তারকা ব্রডের মতে, বিরাট কোহলি না থাকার জন্য সুযোগ পাবেন ভারতীয় দলের তরুণ ক্রিকেটাররা। এবং নিজদের নাম উজ্জ্বল করার সুযোগ থাকবে তরুণদের সামনে। ব্রড মনে করেন ইংল্যান্ডের বোলারদের বিরুদ্ধে বিরাটের লড়াই অতীতে বেশ উপভোগ্য হয়েছে। তিনি বলেন, “অ্যান্ডারসন ও কোহলির দ্বৈরধ বেশ জনপ্রিয়। বিরাটের না থাকটা এই

সিরিজের জৌলুস খানিকটা কমিয়েছে। বিরাট যে কোনও প্রতিযোগিতার গুণমান বাড়িয়ে তোলে। ক্রিকেটের প্রতি তাঁর আবেগ বিরাট। তাঁর ফলোয়ারদের সংখ্যাটাও বিরাট।” বিসিসিআইয়ের তরফ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে, পুরো ইংল্যান্ড সিরিজই নেই বিরাট। অবশ্য এখন শোনা গিয়েছে, ধরমশালায় সিরিজের শেষ টেস্টে বিরাট কোহলি টিমে ফিরতে পারেন। উল্লেখ্য, পারিবারিক কারণ দেখিয়ে বিরাট ইংল্যান্ড সিরিজ থেকে সরে দাঁড়িয়েছেন। বোর্ড তাঁর সিদ্ধান্তকে সম্মান জানিয়েছে।

দানি কারভাহাল বললেন ‘মেসি-রোনাল্ডো যদি এক দলে খেলে সেটা হবে একটা বোমা’

দুরন্ত বার্তা প্রতিবেদন

লিওনেল মেসি নাকি ক্রিস্টিয়ানো রোনাল্ডো-প্রায় দুই দশক ধরে ফুটবল শ্রেষ্ঠত্বের লড়াইটা চলছে এই দুজনের মধ্যে। দুজনের ভক্ত-সমর্থকেরা তো বটেই, ফুটবলারদেরও বিপাকে পড়তে হয় এ দুজনের মধ্যে একজনকে বেছে নিতে। এবার তেমনই সমস্যায় পড়লেন রিয়াল মাদ্রিদের স্প্যানিশ তারকা দানি কারভাহাল। যিনি শ্রেষ্ঠত্বের লড়াইয়ে মেসি-রোনাল্ডোর কাউকেই আলদা করতে পারেননি। তবে এই দুজনকে এক দলে খেলতে দেখাটা ‘বোমা’র মতো কিছু হবে বলে মন্তব্য করেছেন কারভাহাল। রিয়ালে ক্রিস্টিয়ানো রোনাল্ডোর সঙ্গে ৫ বছর খেলেছিলেন কারভাহাল। ২০১৩-২০১৮ পর্যন্ত লা লিগা ও চ্যাম্পিয়নস লিগসহ বেশ কিছু শিরোপাও একসঙ্গে জিতেছেন তাঁরা। অন্যদিকে মেসিকে কারভাহাল পেয়েছেন মূলত প্রতিপক্ষ হিসেবে। যেখানে আর্জেন্টাইন অধিনায়ককে খামিয়ে রাখাই ছিল তাঁর কাজ। সম্প্রতি ভিভাভারে দেখা এই দুজনের ধ্যা থেকে একজনকে বেছে নেওয়ার দায়িত্ব পড়েছিল কারভাহালের কাঁধে। তবে কারভাহাল অবশ্য খানিকটা ভিন্ন পথে হেটেছেন। এক

সাক্ষাৎকারে তিনি বলেছেন, “মেসি বা রোনাল্ডো? আমি দুজনকে এক সারিতেই রাখব। আমি একজনের ওপরে অন্য জনকে রাখতে চাই না। যেকোনো বিবেচনায় তাঁরা দানবীয় এবং একজনকে রেখে অন্যজনকে বাদ দিতে পারব না। আমি মনে করি তাঁরা ভিন্ন ধরনের খেলোয়াড়। মেসি



এমন খেলোয়াড় যে নিচে নেমে বল গ্রহণ করতে পারেন এবং আক্রমণ তৈরি করতে পারেন। এরপর তিনি খেলাটিকে এগিয়ে নেন এবং সুযোগও সৃষ্টি করেন।” এরপর রোনাল্ডো সম্পর্কে কারভাহাল বলেছেন, “গোল করা, আক্রমণ এবং ফিনিশিংয়ে রোনাল্ডো একজন দানব। যদি তারা (মেসি-রোনাল্ডো)

একসঙ্গে খেলেন, তবে সেটা হবে বোমার মতো। আর সেটা দেখাও দারুণ কিছু হবে।” কারভাহালের এই স্বপ্ন অবশ্য পূরণ হওয়ার সম্ভাবনা নেই বললেই চলে। মেসি-রোনাল্ডো এখন দুই ভুবনের বাসিন্দা। মেসি খেলেন যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারের (এমএলএস) ক্লাব ইন্টার মায়ামিতে। আর



রোনাল্ডো খেলছেন সৌদি প্রো লিগের ক্লাব আল নাসর। ফলে একই দলে তো বটেই, প্রতিপক্ষ হিসেবেও এ দুজনের দেখা হওয়ার সম্ভাবনাও খুব কম। সম্প্রতি ইন্টার মায়ামি এবং আল নাসর প্রীতি ম্যাচে মুখোমুখি হলেও চোটের কারণে সে ম্যাচে খেলতে পারেননি রোনাল্ডো।

প্রকাশিত

সুচিকিৎসা

২৬ বর্ষ • তৃতীয় সংখ্যা • ১ ফেব্রুয়ারি ২০২৪

অবসাদের চিকিৎসা

- সার্জারির সাহায্যে স্তন বাঁচিয়ে ক্যান্সার চিকিৎসা
- হিমাচুরিয়া আক্রান্তদের দ্রুত চিকিৎসকের পরামর্শ
- কার্ডিয়াক এম. আর. আই.
- ডায়াবেটিসে হার্ট ডিজিজের প্রবণতা
- কিডনি স্টোন ও প্রস্টেটের সমস্যা
- নতুন বছরে রোবোটিক নি-জয়েন্ট রিপ্লেসমেন্ট
- করে জীবনের আলোয় ফিরে আসুন
- মানসিক অবসাদ দূর করার উপায়
- অবসাদের বাহ্যিক প্রকাশ রাগ
- ধুকোমা ও হোমিওপ্যাথি চিকিৎসা

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে পারছেন কোডটি স্ক্যান করুন